## ♣ উত্তরপত্র

৩৪-৩৫তম বিসিএস আন্তর্জাতিক বিষয়াবলি

**Total questions : 34 Total marks : 34**

---

1) ডমিনো তত্ত্বটি কোন অঞ্চলের জন্য প্রযোজ্য ছিল ?

1) নিকট প্রাচ্য
✔ 2) দক্ষিণ- পূর্ব এশিয়া
3) পূর্ব আফ্রিকা
4) পূর্ব ইউরোপ

**ব্যাখ্যা :** পঞ্চাশের দশকে ইন্দোচীনে যখন সমাজতন্ত্রীরা একের পর এক রাষ্ট্রে ক্ষমতাসীন হচ্ছিল, তখন যুক্তরাষ্ট্র এই 'ডমিনো তত্ত্ব'র কথা প্রচার করেছিল। উদ্দেশ্য ছিল একটাই, সমাজতন্ত্রীদের ঠেকাতে সামরিক হস্তক্ষেপ। ডমিনো তত্ত্বে বলা হয়েছে, কোনো একটি রাষ্ট্রে যদি সমাজতন্ত্রীরা ক্ষমতাসীন হয়, তাহলে পাশের রাষ্ট্রটিও সমাজতন্ত্রীদের দখলে চলে যাবে। ইন্দোচীনে দক্ষিণ- পূর্ব এশিয়ার অন্তর্গত।

2) ২য় বিশ্বযুদ্ধের পর পূর্ব-পশ্চিম দ্বন্দের ফলে সৃষ্ট পূর্বের অর্থনৈতিক জোটটির নাম ছিল -

1) কমিন্টার্ন
2) কমিনফর্ম
✔ 3) কমেকন
4) কোনটিই নয়

**ব্যাখ্যা :** ২য় বিশ্বযুদ্ধের পর পূর্ব-পশ্চিম দ্বন্দের ফলে সৃষ্ট পূর্বের অর্থনৈতিক জোটটির নাম ছিল COMECON (Council of mitual Economic Assistance). ১৯৪৯ সালে মার্শাল পরিকল্পনার প্রতিপক্ষ হিসেবে পূর্ব ইউরোপীয় দেশগুলোতে সোভিয়েত সাহায্য প্রদানের জন্য এটি গঠিত হয়।

3) বিশ্বের কোন দেশটির সংবিধানকে 'শান্তি সংবিধান' বলা হয় ?

✔ 1) জাপান
2) কোস্টারিকা
3) পেরু
4) সুইজারল্যান্ড

**ব্যাখ্যা :** জাপানের সংবিধানকে "শান্তি সংবিধান" বলা হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে ৩ মে, ১৯৪৭ সালে এই সংবিধান প্রণয়ন রা হয়।

4) EURO is the currency of -

1) Asia
✔ 2) Europe

Hello BCS

3) America
4) Africa

**ব্যাখ্যা :** ইউরোপীয় দেশসমূহের সর্ববৃহৎ অর্থনৈতিক জোটের নাম EU। EU এর অন্তর্ভুক্ত দেশগুলোর একক মুদ্রার নাম EURO। EURO চালু হয় ১ জানুয়ারী ১৯৯৯ সালে। EURO চালু আছে ১৮ টি দেশে।

5) WIPO এর সদর দপ্তর কোথায় ?

1) ব্রাসেলস
2) লন্ডন
✔ 3) জেনেভা
4) প্যারিস

**ব্যাখ্যা :** The World Intellectual Property Organization - WIPO WIPO currently has 191 member states, administers 26 international treaties, and is headquartered in Geneva, Switzerland. The current Director-General of WIPO is Francis Gurry.

6) চীনা পরিব্রাজক হিউয়েন সাঙ-এর দীক্ষাগুরু কে ছিলেন?

1) অতীশ দিপঙ্কর
✔ 2) শীল্ভদ্র
3) মা হুয়ান
4) মেগাস্থিনিস

**ব্যাখ্যা :**

চীনা পরিব্রাজক হিউয়েন সাঙ বা ইউয়ান চোয়াং-এর দীক্ষাগুরু ছিলেন নালন্দা বিহার/নাল বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ শিলতন্ত্র। অতীশ দীপঙ্কর হলেন বাংলাদেশের মুন্সীগঞ্জে জ নেওয়া একজন প্রখ্যাত পণ্ডিত, যিনি পাল সাম্রাজ্যের আমলে একজন বৌদ্ধ ফ্রিজ ও ধর্মপ্রচারক ছিলেন। মা হুয়ান ছিলেন চীনা- দূত। তিনি ১৪০০ সালে বাংলাদেশে এসেছিলেন। অন্যদিকে ফৌজিনিস ছিলেন গ্রিসের একজন পর্যটক এবং ভূগোলবিদ।

7) IMF (International Monitary Fund) is the result of -

1) Hawana Conference
2) Geneva Conference
3) Rome Conference
✔ 4) Brettonwood Conference

**ব্যাখ্যা :** ১৯৪৪ সালে ব্রেটন উডস সম্মেলনের মাধ্যমে IMF প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার সময়কাল ২৭ ডিসেম্বর, ১৯৪৫। সদস্য সংখ্যা ১৮৮। সর্বশেষ সদস্য দক্ষিণ সুদান। বাংলাদেশ সদস্য পদ লাভ করে ১০ মে, ১৯৭২।

Hello BCS

8) গ্লাসনস্তনীতি' কোন দেশে চালু হয়েছিল ?

1) চীন
2) হাঙ্গেরী
✔ 3) সাবেক সোভিয়েত ইউনিয়ন
4) পোল্যান্ড

**ব্যাখ্যা :** মিখাইল গর্বাচেভ ১৯৮৫ সালে সোভিয়েত ইউনিয়ন পার্টির সাধারণ সম্পাদক নিযুক্ত হবার পর পেরেস্তকা (পুনর্গঠন) গ্লাসনস্তনীতি গ্রহন করেন।

9) অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল-এর সদর দপ্তর কোথায়?

✔ 1) লন্ডন
2) প্যারিস
3) জেনেভা
4) রোম

**ব্যাখ্যা :** অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল মানবাধিকার সংরক্ষনে একটি আন্তর্জাতিক সংস্থা। প্রতিষ্ঠা- ১৯৬১। সদর দপ্তর- লন্ডন।

10) বিশ্ব প্রাণি দিবস হচ্ছে

✔ 1) ৪ অক্টোবর
2) ২৩ অক্টোবর
3) ২৯ জুন
4) ১১ অক্টোবর

**ব্যাখ্যা :** বিশ্ব প্রাণী দিবস বিশ্বের সমুদয় প্রাণীকূলের অধিকার এবং কল্যাণের জন্য পালন করা একটি আন্তর্জাতিক দিবস, যা প্রতি বছর অক্টোবর মাসের ৪ তারিখে প্রাণীদের সন্ত, এসিসির ফ্রান্সিসের ভোজ উৎসবের সাথে সংগতি রেখে পালন করা হয়।

11) আরব বসন্ত- বলতে কি বুঝায়?

✔ 1) আরবের বিভিন্ন দেশে গণজাগরণ
2) আরব অঞ্চলে বসন্তকাল
3) আরব রাজতন্ত্র
4) আরবীয় মহিলাদের ক্ষমতায়ন

**ব্যাখ্যা :** আরব বসন্ত- বলতে আরবের বিভিন্ন দেশে গণজাগরণকে বুঝায়। তিউনিশিয়ায় প্রথম ২০১০ সালের ডিসেম্বরে গণজাগরণ শুরু হয়।

Hello BCS

12) ১৯৮৯ থেকে ওজন স্তর বিষয়ক মন্ট্রিল প্রোটোকল কতবার সংশোধন করা হয় ?

- ✔ 1) ৫
- 2) ৮
- 3) ৪
- 4) ৭

**ব্যাখ্যা :** ১ম -(লন্ডন, ২৭-২৯ জুন, ১৯৯০) ২য় -(কোপেনহেগেন, ২৩-২৫ নভেম্বর, ১৯৯২) ৩য়-(মন্ট্রিল, ১৫-১৭ সেপ্টেম্বর, ১৯৯৭) ৪র্থ - (বেইজিং, ২৯নভেম্বর - ৩ ডিসেম্বর,১৯৯৯) ৫ম - (কিগালি, ১০-১৫ অক্টোবর, ২০১৬)

13) The International Court of Justice is located in -

- 1) New York
- 2) London
- 3) Geneva
- ✔ 4) Hague

**ব্যাখ্যা :** জাতিসংঘের আন্তর্জাতিক আদালতের বাইরে আন্তর্জাতিক অপরাধ আদালত একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। এটি গণহত্যা, যুদ্ধাপরাধী, মানবতা বিরোধীদের বিচার করে থাকে। এটি চালু হয় ১ জুলাই ২০১২ সালে। এর সদর দপ্তর হেগ। সদস্য ১২১ টি।

14) জলবায়ু পরিবর্তনের হুমকির ব্যাপকতা তুলে ধরার জন্য কোন দেশটি সমুদ্রের গভীরে মন্ত্রিসভার বৈঠক করেছে?

- 1) ফিজি
- 2) পাপুয়া নিউগিনি
- 3) গোয়াম
- ✔ 4) মালদ্বীপ

**ব্যাখ্যা :**

জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিশ্ববাসীকে সচেতন করতে ২০০৯ সালের ১৭ অক্টোবর মালদ্বীপের তৎকালীন প্রেসিডেন্ট মোহাম্মদ নাশিদের সভাপতিত্বে তার দেশের মন্ত্রিসভার একটি বৈঠক সাগরতলে অনুষ্ঠিত হয়। ২১০০ সালের মধ্যেই মালদ্বীপের দ্বীপগুলো সাগরগর্ভে হারিয়ে যাওয়ার পূর্বাভাসে মালদ্বীপের তৎকালীন প্রেসিডেন্ট বিশ্ববাসীর নজর কাড়তে ঐ অভিনব বৈঠকের আয়োজন করেছিল। অন্যদিকে ফিজি ও পাপুয়া নিউগিনি হলো দুটি স্বাধীন রাষ্ট্র এবং গোয়াম হলো প্রশান্ত মহাসাগরে যুক্তরাষ্ট্রের একটি নৌঘাঁটি অধ্যুষিত এলাকা।

15) নেপালের সর্বশেষ রাজা ছিলেন –

- 1) রাজা ধীরেন্দ্র
- ✔ 2) রাজা জ্ঞানেন্দ্র
- 3) রাজা বীরেন্দ্র

Hello BCS

4) রাজা মহেন্দ্র

**ব্যাখ্যা :** নেপালের সর্বশেষ রাজা ছিলেন রাজা জ্ঞানেন্দ্র বীর বিক্রম শাহ দেব। তার রাজত্বকাল ছিল ২০০১ থেকে ২০০৮ পর্যন্ত।

16) নিম্নের কোন সংস্থাটি ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দিয়েছে?

1) UNDP
✔ 2) UNESCO
3) UNICEF
4) UNCTAD

**ব্যাখ্যা :** UNESCO কর্তৃক ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দেয়া হয়।

17) 'the art of wary' গ্রন্থের রচয়িতা কে ?

1) ক্লজউইজ
2) আলফ্রেড মাহান
✔ 3) সুন জু
4) কৌটিল্য

**ব্যাখ্যা :** "the art of wary" গ্রন্থের রচয়িতা সুন জু। এটি একটি প্রাচীন চীনা সামরিক চুক্তি সংক্রান্ত গ্রন্থ। এটি ১৩৯১ সালে প্রকাশিত হয়।

18) ১ম বিশ্বযুদ্ধ চলাকালীন বেলফোর ঘোষণা ১৯১৭ এর মূল প্রতিপাদ্য ছিল-

1) জাতিপুঞ্জ সৃষ্টি করা
2) অটোমানদের জায়গা দখল
✔ 3) ইহুদের জন্য একটি জাতি রাষ্ট্র গঠন
4) জার্মানির বিরুদ্ধে মিত্র শক্তির নতুন কৌশল অবলম্বন

**ব্যাখ্যা :** ১ম বিশ্বযুদ্ধ চলাকালীন বেলফোর ঘোষণা ১৯১৭ এর মূল প্রতিপাদ্য ছিল ইহুদের জন্য একটি জাতি রাষ্ট্র গঠন করা। ব্রিটেনের পররাষ্ট্র সচিব লর্ড বেলফোর ১৯১৭ সালের ২ নভেম্বর এটি ঘোষণা করেন।

19) Badminton is the national sport of -

✔ 1) Malaysia
2) Scotland
3) China
4) Nepal

Hello BCS

**ব্যাখ্যা :** Badminton is the national game of Malaysia and it is a racquet sport played using racquets to hit a shuttlecock across a net.

20) Global Terrorism Index' ২০১৪ অনুযায়ী বিশ্বে সর্বাপেক্ষা ঝুকিপুর্ণ রাষ্ট্র -

1) সিরিয়া
✔ 2) ইরাক
3) সুদান
4) সুমালিয়া

**ব্যাখ্যা :** Global Terrorism Index' ২০১৪ অনুযায়ী বিশ্বে সর্বাপেক্ষা ঝুকিপুর্ণ রাষ্ট্র হলো ১ম- ইরাক (স্কোর-১০) ২য়- আফগানিস্তান (স্কোর-৯.৩৯) ৩য়- পাকিস্তান (স্কোর-৯.৩৭)

21) বর্তমান বিশ্বে 'নিউ সিল্ক রোড' এর প্রবক্তা-

1) জাপান
2) ভারত
3) আফগানিস্তান
✔ 4) চীন

**ব্যাখ্যা :** বর্তমান বিশ্বে "নিউ সিল্ক রোড" এর প্রবক্তা হচ্ছে চীন। ২০১৪ সালে ৮ মে "নিউ সিল্ক রোড, নিউ ড্রিমস" নামে মহাপরিকল্পনা বিশ্ব মিডিয়ায় তুলে ধরেন।

22) আয়তনে পৃথিবীর সবচেয়ে ছোট দেশ?

1) ফিজি
✔ 2) ভ্যাটিকান
3) কুয়েত
4) মালদ্বীপ

**ব্যাখ্যা :** আয়তনে পৃথিবীর সবচেয়ে ছোট দেশ ভ্যাটিকান এবং বড় দেশ রাশিয়া। সবচেয়ে বড় মহাদেশ এশিয়া।

23) কার্টাগেনা প্রোটোকল হচ্ছে -

1) জাতিসংঘের যুদ্ধ মোকাবেলা সংক্রান্ত চুক্তি
2) জাতিসংঘের শিশু অধিকার বিষয়ক চুক্তি
3) জাতিসংঘের নারী অধিকার প্রটোকল
✔ 4) জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তি

**ব্যাখ্যা :** কার্টাগেনা প্রোটোকল হচ্ছে জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তি। এ চুক্তিটি ১৯ জানুয়ারী ২০০০ সালে প্রণীত হয় এবং ১১ সেপ্টেম্বর ২০০৩ সাল হতে কার্যকর হয়।

Hello BCS

24) কোনটি D-৮ ভুক্ত দেশ নয়?

1) নাইজেরিয়া
✔ 2) ভারত
3) মালয়েশিয়া
4) তুরস্ক

**ব্যাখ্যা :** D-৮ ভুক্ত দেশগুলো হচ্ছে- বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, তুরস্ক, মিশর, ইরান ও নাইজেরিয়া। এর সদর দপ্তর তুরস্কের ইস্তাম্বুলে।

25) কোপেন হেগেন কোন দেশের রাজধানী?

✔ 1) ডেনমার্ক
2) বেলজিয়াম
3) ভিয়েতনাম
4) আর্মেনিয়া

**ব্যাখ্যা :** ডেনমার্কের রাজধানী কোপেনহেগেন। বেলজিয়াম- ব্রাসেলস ; ভিয়েতনাম- হ্যানয়।

26) লয়াজিরগা- কোন দেশের আইন সভা?

✔ 1) আফগানিস্তান
2) লেবানন
3) সিরিয়া
4) ফিজি

**ব্যাখ্যা :** আফগানিস্তানের বিভিন্ন সম্প্রদায় , সম্মানিত উপজাতীয় ও রাজনৈতিক নেতাদের সর্বোচ্চ পরিষদ 'লয়া জিরগা' ( Loya Jirga ) । আফগানিস্তানের দ্বিকক্ষ বিশিষ্ট আইনসভার নাম 'ন্যাশনাল অ্যাসেম্বলি ' ( National Assembly ) । নিম্নকক্ষের নাম 'ওলেসি জিরগা' (ইংরেজিতে House of the People) এবং উচ্চকক্ষের নাম 'মেশারানো জিরগা' (ইংরেজিতে House of Elders) ।

27) ব্রিকসের সর্বশেষ শীর্ষ বৈঠক অনুষ্ঠিত হয়-

1) রাশিয়া
2) ব্রাজিল
✔ 3) ভারত
4) দক্ষিণ আফ্রিকা

Hello BCS

**ব্যাখ্যা :** The 2021 BRICS summit is the thirteenth annual BRICS summit, an international relations conference attended by the heads of state or heads of government of the five member states Brazil, Russia, India, China and South Africa. It was the third time that India hosted the BRICS Summit after 2012 and 2016.

28) তাহরির স্কয়ার- কোথায় অবস্থিত?

1) সিউল
2) আম্মান
✔ 3) কায়রো
4) তেহরান

**ব্যাখ্যা :** তাহরির স্কয়ার- মিশরের কায়রোতে অবস্থিত। এটি আরব বসন্তের অন্যতম প্রাণকেন্দ্র স্বরূপ।

29) উইঘুর হলো -

1) চীনের একটি খাবারের নাম
2) চীনের একটি শহরের নাম
3) চীনের একটি ধর্মীয় স্থানের নাম
✔ 4) চীনের একটি সম্প্রদায়ের নাম

**ব্যাখ্যা :** উইঘুর চীনের একটি সম্প্রদায়ের নাম। তুর্কি বংশোদ্ভুত এই মুসলিম জনগোষ্ঠী চীনের জিন জিয়ান অঞ্চলে বসবাস করে।

30) World 'No Tobacco Day' is observed on -

1) May 25
2) May 28
3) May 30
✔ 4) May 31

**ব্যাখ্যা :** তামাক একটি বিষাক্ত পদার্থ। এটি মানবজীবনে বহুবিধ ক্ষতি সাধন করে। তাই বিশ্ববাসী ৩১ মে তামাকমুক্ত দিবস হিসেবে পালন করে। বিশ্বের ১ম তামাকমুক্ত দেশ ভুটান।

31) শ্যামদেশ কোন দেশের পুরাতন নাম?

1) মিসর
2) ইরাক
3) ইরান
✔ 4) থাইল্যান্ড

Hello BCS

**ব্যাখ্যা :** থাইল্যান্ড- শ্যামদেশ ;
ইরাক- মেসপটেমিয়া ;
ইরান- পারস্য।

32) For which of the following disciplines Nobel Prize is awarded ?

1) Physices and Chemistry
2) Physiology or Medicine
3) Literature, peace and Economices
✔ 4) All of the above

**ব্যাখ্যা :** নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল। ১৯০১ সা্ল থেকে নোবেল পুরস্কার দেওয়া শুরু হয়। প্রথম ৫ টি ক্ষেত্রে (পদার্থ, রসায়ন, চিকিৎসা, শান্তি ও সাহিত্য) পুরস্কার দেয়া হয়। পরবর্তীতে ১৯৬৯ সালে অথনীতিতে নোবেল পুরস্কার চালু করা হয়।

33) ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শপথ গ্রহণ অনুষ্ঠানে সার্ক অঞ্চলের বাইরে আমন্ত্রিত রাষ্ট্রের সংখ্যা-

1) ২
2) ৩
3) ৪
✔ 4) ১

**ব্যাখ্যা :** ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয় ২৬ মে, ২০১৪। উক্ত শপথে সার্ক অঞ্চলের বাইরে একমাত্র দেশ মরিশাসের প্রধানমন্ত্রী নভিন চন্দ্র রাম উপস্থিত ছিলেন।

34) এশিয়ার হিন্দু রাষ্ট্র কোনটি?

1) নেপাল
2) ভারত
3) ভুটান
✔ 4) কোনোটিই নয়

**ব্যাখ্যা :** হিন্দু দেশ বা হিন্দু রাষ্ট্রের কোনো অস্তিত্ব নেই।তবে হিন্দু সংখ্যাগরিষ্ঠ দেশ আছে দুটি ভারত আর নেপাল। ভারতীয় সংবিধানের preamble -এ ভারতকে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র ঘোষণা করা হয়েছে। ওদিকে নেপাল হিন্দুরাষ্ট্র থাকলেও ২০০৮ সালে নতুন সংবিধান প্রণয়নের মাধ্যমে তারাও ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে পরিণত হয়েছে। এই দুই রাষ্ট্রের সংবিধানের কোথাও "In the name of God" অথবা"In the name of Allah" বা বিসমিল্লা,রাম,বিষ্ণু এই জাতীয় ধর্মীয় কথাবার্তা লেখা নেই। ভারত মহাসাগরে অবস্থিত ছোট্ট দেশ Mauritius-এর জনসংখ্যার ৪৮.৫% হলো হিন্দু। এছাড়া দক্ষিণ আমেরিকার সুরিনামে হিন্দুরা শতাংশের দিক থেকে অন্যদের থেকে বেশি। সে দেশে তাদের শতাংশের হার ২২.৩%। তাই সাংবাধিনিক দিক থেকে হিন্দু দেশের অস্তিত্ব নেই।

## ♣ উত্তরপত্র

৩৬-৩৭তম বিসিএস আন্তর্জাতিক বিষয়াবলি

**Total questions : 40 Total marks : 40**

---

1) বেনাপোলে স্থলবন্দর সংলগ্ন ভারতীয় স্থলবন্দর-

✔ 1) পেট্রোপোল
2) কৃষ্ণনগর
3) ডাউকি
4) মোহদিপুর

**ব্যাখ্যা :** বেনাপোলে স্থলবন্দর সংলগ্ন ভারতীয় স্থলবন্দরের নাম হলো পেট্রোপোল। বেনাপোল- পেট্রোপোল বন্দরের মধ্যদিয়েই দুই দেশের মধ্যে বাণিজ্য সংঘটিত হয়।

2) War and peace উপন্যাসটির রচয়িতা কে ?

✔ 1) লিওটলস্টয়
2) ডেভিড রিকার্ডো
3) কার্ল মার্কস
4) জেন অস্টিন

**ব্যাখ্যা :** War and peace উপন্যাসটির রচয়িতা লিওস্টলয়।

3) World Development Report নিম্নের কোন সংস্থাটির বার্ষিক প্রকাশনা ?

1) UNDP
✔ 2) World Bank
3) IMF
4) BRICS

**ব্যাখ্যা :** World Development Report হলো একটি বার্ষিক প্রকাশনা। এটি প্রকাশ করে World Bank।

4) 'Law of the Sea Convention' অনুযায়ী উপকূল থেকে। কত দূরত্ব পর্যন্ত Exclusive Economic Zone হিসেবে গণ্য?

1) ২২ নটিক্যাল মাইল
2) ৪৪ নটিক্যাল মাইল
✔ 3) ২০০ নটিক্যাল মাইল
4) ৩৭০ নট

Hello BCS

**ব্যাখ্যা :** ১৯৮২ সালে সম্পাদিত LIN Convention on the Law of the Sea অনুযায়ী উপকূল থেকে ২০০ নটিক্যাল মাইল (৩৭০ কিলোমিটার) পর্যন্ত Exclusive Economic Zone হিসেবে নির্ধারণ করা হয়েছে। এ সীমার মধ্যে উপকূলবর্তী দেশগুলো মাছ ধরা, বৈজ্ঞানিক গবেষণা, পরিবেশ সংরক্ষণ ও অর্থনৈতিক কর্মকাণ্ডের একচেটিয়া অধিকার লাভ করে ।

5) বর্তমানে NAM এর সদস্য সংখ্যা ?

1) ৩৩
2) ১৫
3) ৭৭
✔ 4) ১২০

**ব্যাখ্যা :** NAM ১৯৬১ সালে যুগোস্লাভিয়ার রাজধানী বেলগ্রেডে এর আনুষ্ঠানিক যাত্রা শুরু করে।বর্তমানে NAM এর সদস্য সংখ্যা ১২০ টি দেশ।

6) প্রেসিডেন্ট উইড্রু উইলসনের ১৪ points এ কত নম্বর point এ জাতিপুঞ্জের সৃষ্টির কথা উল্লেখ করা হয়েছে ?

1) ৯
2) ১২
3) ১৩
✔ 4) ১৪

**ব্যাখ্যা :** মার্কিন যুক্তরাষ্ট্রের ২৮ তম প্রেসিডেন্ট উইড্রু উইলসন ১৯১৮ সালে কংগ্রেসে বক্তব্য দান কালে ১৪ নম্বর পয়েন্টে জাতিপুঞ্জের কথা বলেন।

7) লাউসের সরকারি নাম কী ?

✔ 1) Laos people"s Democratic Republic
2) Republic of Laos
3) Kingdom of Laos
4) Democratic Republic of Laos

**ব্যাখ্যা :** লাওস দক্ষিণ পূর্ব এশিয়ার একটি দেশ। ১৯৪৫ সালের ১২ অক্টোবর স্বাধীনতা লাভ করে। মুদ্রার নাম লাওকিপ এবং ভাষা লাও।

8) মাথাপিছু গ্রীন হাউজ গ্যাস উদ্গীরণে সবচেয়ে বেশি দায়ী নিচের কোন দেশটি ?

1) রাশিয়া
✔ 2) যুক্তরাষ্ট্র
3) ইরান
4) জার্মানী

Hello BCS

**ব্যাখ্যা :** মাথাপিছু গ্রীন হাউজ গ্যাস উদগীরণে সবচেয়ে বেশি দায়ী হলো যুক্তরাষ্ট্র। তবে সবচেয়ে বেশি গ্রীন হাউজ গ্যাস নিঃগমনকারী দেশ হলো চীন।

9) জাতিসংঘের স্থায়ী সদস্য ?

1) জাপান, জার্মানি, ফ্রান্স, বৃটেন, কানাডা, যুক্তরাষ্ট্র
✔ 2) ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, বৃটেন, চীন
3) যুক্তরাষ্ট্র, জার্মানি, বৃটেন, ব্রাজিল, চীন, নাইজেরিয়া
4) উত্তর কোরিয়া, পাকিস্তান, ভারত, ইসরায়েল, চীন

**ব্যাখ্যা :** জাতিসংঘের স্থায়ী সদস্য হলো ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, বৃটেন, চীন। এ রাষ্ট্রগুলো "Veto" ক্ষমতা প্রয়োগের অধিকারী।

10) সুয়েজ খাল কোন বৎসর চালু হয় ?

1) ১৯০৩
✔ 2) ১৮৬৯
3) ১৮৮৯
4) ১৮৫৪

**ব্যাখ্যা :** ১৮৫৯ সালে সুয়েজ খাল খননের কাজ শুরু হয়। ১৮৬৯ সালে এটি উদ্বোধিত হয়।১৯৫৬ সালে মিশর খালটি জাতীয়করণ করে।

11) চীনের জিনজিয়াং প্রদেশে বসবাসকারী প্রধান মুসলিম সম্প্রদায়ের নাম কী ?

1) তুর্কমেন
✔ 2) উইঘুর
3) তাজিক
4) কাজাখ

**ব্যাখ্যা :** চীনের জিনজিয়াং প্রদেশে বসবাসকারী প্রধান মুসলিম সম্প্রদায়ের নাম উইঘুর।

12) কোন সংকটকে কেন্দ্র করে ১৯৫০ সালে 'শান্তির জন্য ঐক্য প্রস্তাব' জাতিসংঘের মাধ্যমে পেশ করা হয় ?

1) ভিয়েতনাম সংকট
2) সাইপ্রাস সংকট
✔ 3) কোরিয়া সংকট
4) প্যালেস্টাইন সংকট

**ব্যাখ্যা :** কোরিয়া সংকট শুরু হয় ১৯৫০ সালের কোরিয় যুদ্ধের সময়। এ বছর ৩ নভেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদ কর্তৃক একটি প্রস্তাব পাশ হয় "শান্তির জন্য ঐক্য প্রস্তাব"।

Hello BCS

13) ১৭৮৩ সালে ভার্সাইতে কয়টি চুক্তি স্বাক্ষরিত হয় ?

1) ২
2) ৩
✔ 3) ৪
4) ৫

**ব্যাখ্যা :** ১৭৮৩ সালে ফ্রান্সের ভার্সাইতে ৪ টি চুক্তি স্বাক্ষরিত হয়। যুক্তরাষ্ট্র ও ইংল্যান্ডের মধ্যে ঐতিহাসিক স্বাধীনতা চুক্তি ১৭৮৩ সালের ৩ সেপ্টেম্বর সাক্ষরিত হয়।

14) সার্ক প্রতিষ্ঠিত হয় ?

1) ১৯৮২
✔ 2) ১৯৮৫
3) ১৯৮৪
4) ১৯৪৯

**ব্যাখ্যা :** ১৯৮৫ সালে সার্ক প্রতিষ্ঠিত হয়। ১৯৪৯ সালে কমনওয়েলথ, ১৯৮৪ সালে বাংলাদেশ অলিম্পিকে অংশ নেয়।

15) গ্রীন পীস' যাত্রা শুরু করে-

1) ১৯৪৫
2) ২০১১
3) ২০১৩
✔ 4) ১৯৭১

**ব্যাখ্যা :** গ্রীন পিস একটি পরিবেশবাদী সংগঠন। এটি নেদারল্যান্ড ভিত্তিক সংগঠন। এটি ১৯৭১ সালে যাত্রা শুরু করে।

Hello BCS

16)
SDR (Special Drawing Rights) সুবিধা প্রবর্তনের জন্য কত সালে IMF এর গঠনতন্ত্র (Articles) সংশোধন করা হয়েছিল?

✔ 1) ১৯৬৯
2) ১৯৭১
3) ১৯৭৫
4) ১৯৭৮

**ব্যাখ্যা :**

বিশ্বের সবচেয়ে শক্তিশালী মুদ্রাগুলো নিয়ে IMF-এর এলিট ক্লাব Special Drawing Rights (SDR) গঠিত SDR-এর সুবিধা প্রবর্তনের জন্য IMF ১৯৬৯ সালে গঠনতন্ত্র সংশোধন করেছিল। এ ক্লাবের সদস্য পাঁচটি মুদ্রা হলো মার্কিন ডলার, ইউরো, ব্রিটিশ পাউন্ড, জাপানি ইয়েন এবং চীনা ইউয়ান।

17) SDR(Special Drawing Rights) সুবিধা প্রবর্তনের জন্য কত সালে IMF এর গঠনতন্ত্র সংশোধন করা হয়েছিল ?

✔ 1) ১৯৬৯
2) ১৯৭১
3) ১৯৭৫
4) ১৯৭৮

**ব্যাখ্যা :** SDR(Special Drawing Rights) সুবিধা প্রবর্তনের জন্য IMF এর গঠনতন্ত্র সংশোধন করা হয়েছিল ১৯৬৯ সালে।

18) জাতিসংঘ পরিবেশ বিষয়ক সংস্থা (UNEP) ও জলবায়ু বিষয়ক সংস্থা (WMO)-এর মিলিত উদ্যোগে প্রতিষ্ঠা লাভ করে ?

✔ 1) IPCC
2) COP 21
3) Green Peace
4) Sierra Club

**ব্যাখ্যা :** The Intergovernmental Panel on Climate Change (IPCC) is an intergovernmental body of the United Nations responsible for advancing knowledge on human-induced climate change. It was established in 1988 by the World Meteorological Organization (WMO) and the United Nations Environment Programme (UNEP), and later endorsed by United Nations General Assembly. Headquartered in Geneva, Switzerland, it is composed of 195 member states. [Source: Intergovernmental Panel on Climate Change. Retrieved 22 February 2019.]

19) BRICS- এর সদর দপ্তর কোথায় ?

✔ 1) সদর দপ্তর নাই
2) মস্কো
3) প্রিটোরিয়া
4) নয়াদিল্লী

Hello BCS

**ব্যাখ্যা :** BRICS- প্রতিষ্ঠিত হয় ২০০৮ সালে। ৫ টি দেশ BRICS এর সদস্য। ব্রিক্‌স হলো পাঁচটি গুরুত্বপূর্ণ রাষ্ট্রের ; ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকা, আদ্যক্ষরের সমন্বয়ে নামকরণকৃত উদীয়মান জাতীয় অর্থনীতির একটি সঙ্ঘ। মূলত ২০১০ সালে দক্ষিণ আফ্রিকা অর্ন্তভূক্ত হবার পূর্বে এই সঙ্ঘটি "ব্রিক" নামে পরিচিত ছিল।

20) আরব লীগ প্রতিষ্ঠা পায় ?

1) ১৯৪৯
2) ১৯৫০
✔ 3) ১৯৪৫
4) ১৯৪০

**ব্যাখ্যা :** ১৯৪৯- কমনওয়েলথ, ন্যাটো ; ১৯৫০- কোরিয় যুদ্ধ ; ১৯৪৫- আরব লীগ ; ১৯৪০- লাহোর প্রস্তাব উথাপন। [তথ্যসূত্রঃ দৈনিক পত্রিকা ]

21) কালাপানি' কোন দুইটি রাষ্ট্রের মধ্যে অমিমাংসিত ভুখন্ড ?

✔ 1) ভারত ও নেপাল
2) পাকিস্তান ও চীন
3) ভূটান ও ভারত
4) বাংলাদেশ ও ভারত

**ব্যাখ্যা :** কালাপানি" ভারত ও নেপালের মধ্যে অমিমাংসিত ভুখন্ড। এ ভুখন্ড নিয়ে মাঝে মাঝেই দুই দেশের মধ্যে বিরোধ দেখা দেয়।

22) জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির শীর্ষ পদটি কি ?

✔ 1) প্রশাসক
2) মহাপরিচালক
3) মহাসচিব
4) প্রেসিডেন্ট

**ব্যাখ্যা :** জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (UNDP) শীর্ষ পদ প্রশাসক। এ সংস্থাটি প্রতিষ্ঠিত হয় ১৯৬৫ সালে। এর সদর দপ্তর নিউইয়র্ক( যুক্তরাষ্ট্র) [তথ্যসূত্রঃ undp.org]

23) সামন্তবাদ কোন ইউরোপীয় দেশে প্রথম সূত্রপাত হয়?

✔ 1) ইতালি
2) ইংল্যান্ড
3) ফ্রান্স
4) রাশিয়া

Hello BCS

**ব্যাখ্যা :** সামন্ততন্ত্র মধ্যযুগের ইউরোপের ইতিহাসে একটি গুরত্বপুর্ন প্রতিষ্ঠান বা প্রথা। মধ্য যুগে ইউরোপে যে তিনটি স্তম্ভ ( জার্মান জাতিগোষ্ঠীর রাজ্য শাসন পদ্ধতি, খ্রিষ্ট ধর্ম ও সামন্ত্রতন্ত্র ) এর উপর ভিত্তি করে তাদের সমাজ ও সভ্যতার সৌধ নির্মিত হয়েছিল বলে স্বীকৃত, সেই তিনটি স্তম্ভের মধ্যে নিঃসন্দেহে সামন্ত্রতন্ত্র বিশেষভাবে আলোচিত। কারণ সামন্ত্রতন্ত্র ইউরোপের ইতিহাসে এতো বেশি আলোচিত যে, মধ্যযুগকে অনেক সময় সামন্ত্রতন্ত্রের যুগ বলেও চিহ্নিত করা হয়। সামন্ত্রতন্ত্র ছিল মুলত এক প্রকার ভূমি ব্যবস্থাপনা। এই ব্যবস্থা সমগ্র মধ্যযুগব্যাপী আর্থাৎ, নবম শতক হতে পনের শতক পর্যন্ত ইউরোপবাসীর রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক জীবন এবং তাদের আচার-আচরন ও ভাবধারার উপর বিশেষভাবে প্রভাব বিস্তার করেছিল। উৎপত্তি গত ভাবে দেখতে গেলে দেখা যায় সামন্ত্রতন্ত্র একটি ল্যাটিন শব্দ Feudam থেকে এসেছে। এখানে Feudam অর্থ Fief বা ক্ষুদ্র জমি। অন্যদিকে হিস্তান্তরিত ক্ষুদ্র জমিকে অথবা শর্তাধীনে জমি দানকে বলা হতো Feif বা Feud । আর এই Feud থেকে Feudal(সামন্ত্র) এবং Feudal শব্দ থেকেই সামন্ত্রতন্ত্র বা Feudalism শব্দের উৎপত্তি ঘটেছে। [সূত্রঃ wikipedia]

24) IMF- এর সদর দপ্তর অবস্থিত-

- ✔ 1) ওয়াশিংটন ডিসি
- 2) নিউইয়র্ক
- 3) জেনেভা
- 4) রোম

**ব্যাখ্যা :** IMF- এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসিতে অবস্থিত। ১৯৪৪ সালে এটি প্রতিষ্ঠিত হয়েছিল।

25)
সংবিধান অনুযায়ী মিয়ানমারের সংসদে কত শতাংশ আসন অনির্বাচিত সামরিক বাহিনীর সদস্যদের জন্য সংরক্ষিত থাকবে?

- ✔ 1) ২৫%
- 2) ৩৫%
- 3) ৪৫%
- 4) ৫৫%

**ব্যাখ্যা :**

মিয়ানমারের নিম্নকক্ষ বা হাউস অব রিপ্রেজেনটেটিভসের আসন সংখ্যা ৪৪০টি। যার ২৫% অর্থাৎ ১১০টি আসন অনির্বাচিত সামরিক বাহিনীর সদস্যদের জন্য সংরক্ষিত থাকবে।

26) আন্তর্জাতিক রেড ক্রস এর সদর দপ্তর কোথায় ?

- 1) ভিয়েনা
- ✔ 2) জেনেভা
- 3) প্যারিস
- 4) লন্ডন

Hello BCS

**ব্যাখ্যা :** আন্তর্জাতিক রেড ক্রস এর সদর দপ্তর জেনেভা।

27) ধরিত্রি সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?

1) আফ্রিকার জোহানেসবার্গে
✔ 2) ব্রাজিলের রিওডিজোনিরোতে
3) ইতালির রোমে
4) যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে

**ব্যাখ্যা :** জাতিসংঘের উদ্যোগে রিও ডি জেনেরিও তে ১৯৯২ সালের ৩ জুন থেকে ১৪ জুন পর্যন্ত ব্রাজিলের রিওডিজোনিরোতে যে সম্মেলন অনুষ্ঠিত হয়, সেটি জাতিসংঘ পরিবেশ ও উন্নয়ন বিষয়ক (ইউএনসিইডি) সম্মেলন, রিও ডি জেনেরিও সম্মেলন ,রিও সম্মেলন,বা ধরিত্রী সম্মেলন(পর্তুগীজ ইসিও ৯২) নামে পরিচিত। দীর্ঘদিন ধরে চলা স্নায়ুযুদ্ধের পর এই সম্মেলনের মূল উদ্দেশ্য ছিল সদস্য রাষ্ট্রগুলি যাতে টেকসই উন্নয়নের জন্য একে অপরের সহযোগিতায় এগিয়ে আসে।

28) Yalta Conference এর একটি লক্ষ্য হচ্ছে -

1) বিশ্বযুদ্ধের কারণ নির্ভর
2) জিব্রালটার প্রণালীর সুরক্ষা
✔ 3) জাতিসংঘ প্রতিষ্ঠা
4) যুদ্ধে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান

**ব্যাখ্যা :** Yalta Conference এর প্রধান লক্ষ্য ছিল যুদ্ধ বিধ্বস্ত ইউরোপের পূনর্গঠন ও জাতিসংঘ প্রতিষ্ঠা।

29) IAEA এর সদর দপ্তর কোথায় ?

1) জেনেভা
✔ 2) ভিয়েনা
3) ওয়াশিংটন
4) প্যারিস

**ব্যাখ্যা :** IAEA এর সদর দপ্তর ভিয়েনা।

30) ইরানের সাথে পারমাণবিক চুক্তি বা Joint Comprehensive Plan of Action নামে পরিচিত তা সই হয়-

1) ২ এপ্রিল, ২০১৫
✔ 2) ১৪ জুলাই, ২০১৫
3) ২৪ সেপ্টেম্বর, ২০১৪
4) ১০ ডিসেম্বর, ২০১৩

**ব্যাখ্যা :** ইরানের সাথে পারমাণবিক চুক্তি বা Joint Comprehensive Plan of Action নামে পরিচিত তা সই হয়- ১৪ জুলাই, ২০১৫। জাতিসংঘের পঞ্চশক্তি $P_5$+1 (জার্মানি) Vs Iran এর মধ্যে এটি স্বাক্ষরিত হয়।

Hello BCS

31) মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহন করেন ?

1) ভারত
2) আলজেরিয়া
✔ 3) আলবেনিয়া
4) ফ্রান্স

**ব্যাখ্যা :** মাদার তেরেসা ১৯১০ সালে তৎকালীন যুগোশ্লোভিয়ার একটি আলবেনীয় পরিবারে জন্মগ্রহন করে। ১৯২৮ সালে কলকাতায় আসেন।১৯৯৭ সালের ৫ সেপ্টেম্বর মারা যান।

32) আলেপ্পো শহরটি কোথায় অবস্থিত ?

1) মিশর
2) ইরান
3) ইরাক
✔ 4) সিরিয়া

**ব্যাখ্যা :** মিশর- শাম আল শেখর ; ইরান- বাম ; ইরাক- মেসোপটেমিয়া ; সিরিয়া- আলেপ্পো।

33) বিশ্বব্যাংক সংশ্লিষ্ট কোন সংস্থাটি স্বল্প আয়ের উন্নয়নশীল দেশে বেসরকারী খাতে আর্থিক সহায়তা ও উপদেশ দিয়ে থাকে ?

✔ 1) IFC
2) IBRD
3) MIGA
4) ICSID

**ব্যাখ্যা :** বিশ্বব্যাংক সংশ্লিষ্ট IFC নামক সংস্থাটি স্বল্প আয়ের উন্নয়নশীল দেশে বেসরকারী খাতে আর্থিক সহায়তা ও উপদেশ দিয়ে থাকে।

34) Black Lives Matter' কী ?

1) একটি গ্রন্থের নাম
2) একটি পানীর
✔ 3) বর্ণবাদ বিরোধী আন্দোলন
4) একটি NGO

**ব্যাখ্যা :** Black Lives Matter" একটি বর্ণবাদ বিরোধী আন্দোলনের নাম। কালো মানুষদের অধিকার রক্ষার জন্য এটি প্রতিষ্ঠিত হয়।

35) জাতিসংঘ কত সালে প্রতিষ্ঠিত হয় ?

1) ১৯৪১

Hello BCS

✔ 2) ১৯৪৫
3) ১৯৪৮
4) ১৯৪৯

**ব্যাখ্যা :** জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালের ২৪ অক্টোবর। ১৯৪৯ সালে আওয়ামী লীগ প্রতিষ্ঠিত হয়। ১৯৪১ সালে হিটলার রাশিয়া আক্রমন করে।

36) MDG- এর অন্যতম লক্ষ্য কি ?

1) দেশ থেকে পোলিও নির্মুল
2) এইচ আই ভি/এইডস নির্মুল করা
3) যক্ষা নির্মুল করা
✔ 4) ক্ষুধা ও দারিদ্র দূর করা

**ব্যাখ্যা :** MDG- এ ২৫ সেপ্টেম্বর টেকসই উন্নয়ন লক্ষ্য গৃহিত হয়। →দারিদ্র্য নির্মুল→ক্ষুধা মুক্তি→সুস্বাস্থ্য→মানসমপন্ন শিক্ষা→লিঙ্গসমতা→বিশুদ্ধ পানি ও পয়ঃনিস্কাশন→সাশ্রয়ী ও নবায়নযোগ্য জ্বালানী →উপযুক্ত কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি।

37) যুক্তরাষ্ট্রে কবে এককভাবে ABM চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে ?

1) জুন ২০০১
2) জুন ২০০০
✔ 3) জুন ২০০২
4) জুন ২০০৩

**ব্যাখ্যা :** যুক্তরাষ্ট্রে ২০০২ সালের ১৩ ই জুন এককভাবে ABM চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে।

38) নিচের কোন রাষ্ট্রের সর্বাধিক রাষ্ট্রের সাথে সীমান্ত যুক্ত ?

1) ভারত
✔ 2) চীন
3) মায়ানমার
4) আফগানিস্তান

**ব্যাখ্যা :** চীন ও রাশিয়ার সীমান্তবর্তী দেশ ১৪ টি।

39) নিম্নলিখিত কোনটি International Mother Earth day ?

1) ১৮ এপ্রিল
2) ২০ এপ্রিল
✔ 3) ২২ এপ্রিল
4) ২৪ এপ্রিল

Hello BCS

**ব্যাখ্যা :** ৭ এপ্রিল- বিশ্ব স্বাস্থ্য দিবস ; ২২ এপ্রিল- বিশ্ব ধারিত্রি দিবস ; ২৬ এপ্রিল- বিশ্ব মেধা স্বত্ব দিবস।

40) সম্প্রতি ভারত Google কে নিচের কোন প্রোগ্রামের জন্য ছবি তোলা থেকে বিরত করে ?

1) Google earth
✔ 2) Street view
3) Road image
4) Google map

**ব্যাখ্যা :** সম্প্রতি ভারত Google কে নিচের Street view প্রোগ্রামের জন্য ছবি তোলা থেকে বিরত করে। কারণ ভারত মনে করে এতে তাদের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS

♣ উত্তরপত্র

৩৮-৩৯তম বিসিএস আন্তর্জাতিক বিষয়াবলি

**Total questions : 37 Total marks : 37**

---

1) সাম্প্রতিক কাতার সংকটের সময় কোন দেশটি কাতারের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে নাই?

1) সংযুক্ত আরব আমিরাত
2) মিশর
3) বাহরাইন
✔ 4) কুয়েত

**ব্যাখ্যা :** ৫ জুন ২০১৭ কাতারের সাথে বন্ধুপ্রতীম রাষ্ট্র সৌদি আরব, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, মিসর, ইয়েমেন, লিবিয়া কর্তৃক কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করলে মধ্যপ্রাচ্যে যে নতুন রাজনৈতিক সংকটের শুরু হয় সেখানে কুয়েত কূটনৈতিক সম্পর্ক ছিন্ন না করে নিরপেক্ষ ভূমিকা পালন করে।

2) সার্কের সদর দপ্তর কোথায় ?

1) কলম্বো
2) নয়াদিল্লী
3) ঢাকা
✔ 4) কাঠমুন্ডু

**ব্যাখ্যা :** South Asian Association for Regional Cooperation (SAARC) ৮ ডিসেম্বর ১৯৮৫ সালে ৭টি দেশ নিয়ে ঢাকায় গঠিত হয়। এর সদর দপ্তর কাঠমান্ডুতে।

3) ফোকেটিং কোন দেশের আইন সভা?

✔ 1) ডেনমার্ক
2) ফিনল্যান্ড
3) নরওয়ে
4) বেলজিয়াম

**ব্যাখ্যা :** স্ক্যানডিনেভিয়ান অঞ্চলের দেশ ডেনমার্কের আইনসভা ফকেটিং , নরওয়ের আইনসভা স্টরটিং ও ফিনল্যান্ডের আইনসভা এডুসকুন্তা। আর পশ্চিম ইউরোপের দেশ বেলজিয়ামের আইনসভায় নাম ফেডারেল পার্লামেন্ট ।

4) ১৯৪৫ সালে প্রতিষ্ঠাকালীন সময়ে জাতিসংঘের মোট কতটি সদস্য রাষ্ট্র ছিল?

1) ৫২
✔ 2) ৫১
3) ৫০

Hello BCS

4) ৫৪

**ব্যাখ্যা :** জাতিসংঘ (অপর নাম : রাষ্ট্রসঙ্ঘ) বিশ্বের জাতিসমূহের একটি সংগঠন, যার লক্ষ্য হলো আন্তর্জাতিক অঙ্গনে আইন, নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক অগ্রগতি এবং মানবাধিকার বিষয়ে পারস্পরিক সহযোগিতার পরিবেশ সৃষ্টি করা। ১৯৪৫ সালে ৫১টি রাষ্ট্র জাতিসংঘ বা রাষ্ট্রসঙ্ঘ সনদ স্বাক্ষর করার মাধ্যমে জাতিসংঘ বা রাষ্ট্রসঙ্ঘ প্রতিষ্ঠিত হয়। এর বর্তমান সদস্য- ১৯৩টি ।

5) ২০১৮ সালের বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য বিষয় কোনটি?

1) জলবায়ু উষ্ণতাকে রুখে দেই
✔ 2) প্লাস্টিক দূষণকে পরাজিত করি
3) সবুজ বিশ্ব গড়ে তুলি
4) জলবায়ু উষ্ণতা প্রতিরোধ তহবিল গড়ি

**ব্যাখ্যা :** বিশ্ব পরিবেশ দিবস (সংক্ষেপে WED) প্রতি বছর ৫ জুন বিশ্বব্যাপী রাজনৈতিক কর্মোদ্যোগ আর জনসচেতনতার মাধ্যমে পরিবেশ সচেতনতার লক্ষ্যে পালিত দিবস। এই দিনটিতেই জাতিসংঘের মানবিক পরিবেশ কনফারেন্স শুরু হয়েছিল। এই কনফারেন্স হয়েছিল ১৯৭২ খ্রিষ্টাব্দের ৫ থেকে ১৬ জুন অবধি। এই কনফারেন্স ঐ বছরই চালু করেছিল জাতিসংঘের সাধারণ সভা। দিবসটি প্রথম পালিত হয় ১৯৭৪ খ্রিষ্টাব্দে।২০১৮ সালে প্লাস্টিক-দূষণ বন্ধের আহ্বানে 'বিট প্লাস্টিক পলিউশন' প্রতিপাদ্য নিয়ে সারাবিশ্বে দিবসটি পালিত হবে।উত্তর গোলার্ধে দিবসটি বসন্তে, আর দক্ষিণ গোলার্ধে দিবসটি শরতে পালিত হয়।

6) ট্রাম্প-কিম শীর্ষবৈঠকটি সিঙ্গাপুরে কোথায় হয়েছিল?

1) সেনার আয়ল্যান্ড
2) ইস্টানা আইল্যান্ড
3) ম্যারিনা বে
✔ 4) সেন্তোসা

**ব্যাখ্যা :** সেন্তোসা শব্দের অর্থ সন্ধি বা শান্তি।১২ জুন ২০১৮ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও উত্তর কোরীয় নেতা কিম জং উনের মধ্যে ঐতিহাসিক বৈঠকটি অনুষ্ঠিত হয় সিঙ্গাপুরের সেন্তোসা দ্বীপে। সিঙ্গাপুর যে ৬৩ টি দ্বীপের সমন্বয়ে গঠিত, তার মধ্যে সেন্তোসা অন্যতম। ৫০০ হেক্টর জায়গার উপর প্রতিষ্ঠিত দ্বীপটি সিঙ্গাপুরের মূল ভূখন্ডের কাছে অবস্থিত ।২য় বিশ্বযুদ্ধের সময় ১৯৪২ সালে ব্রিটেনের আত্মসমর্পনের পর দ্বীপটি জাপানের হাতে চলে যায় এবং এর নামকরণ হয় সায়োনান যার অর্থ দক্ষিণের আলো।

7) শুন্যবাদ যে ল্যাটিন শব্দ হতে উদ্ভূত তার অর্থ-

1) সর্বজনীন
✔ 2) কিছুই না
3) সব কিছু
4) সব

Hello BCS

**ব্যাখ্যা :** বাংলা শুন্যবাদ বা শুন্যতাবাদ ল্যাটিন শব্দ nihil থেকে এসেছে, যার অর্থ nothing বা কিছুই না। অষ্টাদশ শতাব্দীর শেষের দিকে রাশিয়ায় এ বিপ্লবী মতবাদ বিস্তার লাভ করে। এ মতবাদীরা যে কোনো ক্ষমতা, নীতি-নিয়ম বা ধর্ম মানতে অস্বীকার করতো এবং ব্যাক্তি নিজেকে সম্পূর্ণ স্বেচ্ছাধীন বলে বিবেচনা করতো। এ মতবাদ আইভান তুর্গেনিকের "ফাদারস অ্যান্ড সানস" উপন্যাসের মাধ্যমে খ্যাতি লাভ করে।

8) ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি কোন দেশের রাজনৈতিক দল?

1) মালয়েশিয়া
✔ 2) মিয়ানমার
3) থাইল্যান্ড
4) ভারত

**ব্যাখ্যা :** মিয়ানমারের নোবেল বিজয়ী গণতান্ত্রিক নেত্রী অং সান সুচির নেতৃত্বে ২৭ সেপ্টেম্বর ১৯৮৮ ন্যাশনাল লিগ ফর ডেমোক্রেসি বা এনএলডি গঠিত হয়।

9) ৯২ বছর বয়সী মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথীর মোহাম্মদ এর রাজনৈতিক জোট হচ্ছে?

1) বারিসান ন্যাশনাল
2) পার্টি পেরিকাতান
3) ইউএমএনও
✔ 4) পাকাতান-হারুপান

**ব্যাখ্যা :** মাত্র একুশ বছর বয়সে রাজনীতিতে নাম লেখান মাহাথির মোহাম্মদ।২০০৩ সালের ৩০শে অক্টোবর তিনি স্বেচ্ছায় প্রধানমন্ত্রীর পদ ছেড়ে দেন। অবসর গ্রহণের দীর্ঘ পনের বছর পর ৯২ বছর বয়েসে প্রধানমন্ত্রী নাজিব রাজাকের ব্যাপক দুর্নীতি সংশ্লিষ্টতার কারণে মাহাথির মোহাম্মদ আবারও আসেন রাজনীতিতে। ২০১৮ সালের ৯ মে অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনে জয়ের পরদিন ১০ মে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন তিনি।

10) ইসলামি সহযোগীতা সংস্থা (ওআইসি) এর দাপ্তরিক ভাষার সংখ্যা হচ্ছে-

1) ২
✔ 2) ৩
3) ৪
4) ৫

**ব্যাখ্যা :** ওআইসি একটি আন্তর্জাতিক ইসলামী সংস্থা ১৯৬৯ সালে একটি "Organization of Islamic Conference" নামে ২৫ টি মুসলিম দেশ মিলে এই প্রতিষ্ঠান তৈরী করে। এর বর্তমান সদস্য ৫৭ এবং সৌদি আরবে এর সচিবালয়।

11) কোনটি জাতিসংঘের সহযোগী নয় ?

1) উপরের সবকটি
2) আই.এল.ও.

Hello BCS

✔ 3) ASEAN(আসিয়ান)
4) WHO

**ব্যাখ্যা :** International Labour Organization(ILO) আর World Health Organization (WHO) জাতিসংঘের সহযোগী সংস্থা, অন্যদিকে Association of South-East Asian Nations বা ASEAN দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি আঞ্চলিক সংস্থা।

12) সর্বপ্রথম কোথায় ওপেক এর সদর দপ্তর স্থাপিত হয়?

✔ 1) জেনেভা
2) ভিয়েনা
3) বাগদাদ
4) জেদ্দা

**ব্যাখ্যা :** ১৪ সেপ্টেম্বর ১৯৬০ গঠিতহয় Organization of the Petroleum Exporting Countries ( OPEC)। প্রতিষ্ঠাকালীন এ সংস্থার সদর দপ্তর ছিল সুইজারল্যান্ডের জেনেভায়। পরবর্তীতে ১৯৬৫ সালে সদর দপ্তর স্থানান্তরিত হয় অস্ট্রিয়ার ভিয়েনায় [তথ্যসূত্রঃ দৈনিক পত্রিকা ]

13) দুই বা ততোধিক প্রতিদ্বন্দী বৃহৎ শক্তিসমূহের মাঝখাঁনে অবস্থিত দেশকে বলা হয়-

1) নিরপেক্ষ রাষ্ট্র
2) স্থলবেষ্টিত রাষ্ট্র
✔ 3) বাফার রাষ্ট্র
4) জিরো সাম রাষ্ট্র

**ব্যাখ্যা :** দুই বা ততোধিক প্রতিদ্বন্দী বৃহৎ শক্তিসমূহের মাঝখাঁনে যে ক্ষুদ্র রাষ্ট্র অবস্থিত তাদেরকে বলা হয় বাফার বা নিরপেক্ষ রাষ্ট্র।

14) UNHCR এর সদর দপ্তর কোথায় ?

1) লন্ডন
2) রোম
✔ 3) জেনেভা
4) নিউইয়র্ক

**ব্যাখ্যা :** জেনেভায় অবস্থিত প্রতিষ্ঠানগুলোর সদরদপ্তরঃ UNHCR, WTO, WHO, ILO, WMO, WIPO, ITU নিউইয়র্কে অবস্থিত প্রতিষ্ঠানগুলোর সদরদপ্তরঃ UNO, UNDP, UNICEF, UNIFEM,UNIEFPA

15) ২০১৮ সালে অনুষ্ঠিত জি সেভেন শীর্ষ সম্মেলন পর যৌথ ঘোষণার স্বাক্ষর প্রদানে কোন দেশ বিরত ছিল?

✔ 1) যুক্তরাষ্ট্র
2) ইতালি
3) জার্মানি

Hello BCS

4) ফ্রান্স

**ব্যাখ্যা :** ৮ - ৯ জুন ২০১৮ কানাডার কুইবেক অঙ্গরাজ্যের লা মালাবে শহরে অনুষ্ঠিত জি সেভেন এর ৪৪ তম সম্মেলনের পর যৌথ ঘোষণার স্বাক্ষর প্রদানে যুক্তরাষ্ট্র বিরত ছিল।

16) আধুনিক রাষ্ট্রব্যবস্থা উদ্ভবের সময়কাল কোনটি?

1) প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকাল
2) প্রাচীন রোম শাসনকাল
✔ 3) ১৬০০-১৮০০ সাল
4) প্রাচীন গ্রীস সময়কাল

**ব্যাখ্যা :** ১৬১৮-১৬৪৮ সময়কালে ত্রিশ বছরব্যাপী প্রথম সর্ব ইউরোপীয় যুদ্ধ সংঘটিত হয় প্রোটেস্ট্যান্ট ও রোমান ক্যাথলিকদের মধ্যে, যাদে প্রায় আশি লক্ষ মানুষ প্রাণ হারায়। যুদ্ধের এ ভয়াবহতা থেকে মুক্তি লাভের জন্য জার্মানির উত্তর-পশ্চিমের ওয়েস্টফ্যালিয়া নামক স্থানে ১৬৪৮ সালে একটি চুক্তি স্বাক্ষরিত হয়, যেখানে উপরিউক্ত দুই পক্ষ স্বাক্ষর করে। এ চুক্তির মাধ্যমে আধুনিক বিশ্বে প্রথমবারের মতো প্রত্যেকটা রাষ্ট্রের সার্বভৌমত্বকে স্বীকৃতি দেয়া হয়, যেখানে রাষ্ট্রের আয়তন, জনসংখ্যা, ধর্মবিশ্বাস অনুযায়ী এক রাষ্ট্রে অন্য রাষ্ট্র কর্তৃক অভ্যন্তরীণ, বহিঃরাষ্ট্রীয় এবং সার্বভৌমত্বের বিষয়ে কোনোরূপ হস্তক্ষেপ না করার বিষয়ে নিশ্চয়তা দেয়া হয়েছে। ১৬৪৮ সাল থেকে ১৯৩৯ সাল পর্যন্ত এবং স্নায়ুযুদ্ধের সময়কাল বাদে বর্তমান সময়েও রাষ্ট্রব্যবস্থা তথা আন্তর্জাতিক সম্পর্ক ওয়েস্টফ্যালিয়া নীতি অনুযায়ীই চলছে।

17) যুক্তরাষ্ট্রের রপ্তানি বাণিজ্যের বৃহত্তম বাজার কোথায়?

✔ 1) ইইউ
2) ভারত
3) চীন
4) কানাডা

**ব্যাখ্যা :** ২০১৭ সালে যুক্তরাষ্ট্রে থেকে সর্বোচ্চ ২,৮৩,২৬৯ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য ইউরোপীয় ইউনিয়নে রপ্তানি হয় । ইউরোপীয় ইউনিয়নের পর যুক্তরাষ্ট্রের দ্বিতীয় অর্থনৈতিক বাজার হলো কানাডা , যেখানে ২,৮২,২৬৫ মিলিয়ন ডলার মূল্যের পণ্য রপ্তানি হয়।

18) গুয়াম এর গর্ভনরের নাম হচ্ছে-

✔ 1) এ্যাডি ক্যালভো
2) রন ব্লম
3) গ্লেন বেক
4) ডোনাল্ড ডাক

**ব্যাখ্যা :** গুয়াম প্রশান্ত মহাসাগরের পশ্চিমাংশের একটি দ্বীপ। গভর্নর হলেন এ্যাডি ক্যালভো। তিনি ২০১১ থেকে দায়িত্বে আছেন।

Hello BCS

19) পিং পং এর অর্থ হচ্ছে-

1) বাস্কেট বল
✔ 2) টেবিল টেনিস
3) লন টেনিস
4) ভলিবল

**ব্যাখ্যা :** পিং পং এর আরেক নাম হলো টেবিল টেনিস। মুলত টেবিল টেনিসের বলকে পিং পং বলে।

20) ২০১৫ সালে প্যারিসে কাপ-২১ এ কত সংখ্যক জাতি অংশগ্রহন করেছিল ?

1) ১৯৯
2) ১৬৮
3) ১৯৩
✔ 4) ১৯৬

**ব্যাখ্যা :** মোট ১৯৬টি জাতি (১৯৫ টি দেশ + EU) কপ-২১ এ অংশগ্রহন করেছিল।

21) মায়া সভ্যতা বিশ্বের কোন অঞ্চলে বিরাজমান ছিল?

1) মধ্যপ্রাচ্য
✔ 2) মধ্য আমেরিকা
3) পূর্ব আফ্রিকা
4) পূর্ব এশিয়া

**ব্যাখ্যা :** মায়া সভ্যতা বিরাজমান ছিল বর্তমান যুগের মধ্য আমেরিকার এক বিস্তীর্ণ অঞ্চলজুড়ে। খ্রিষ্টপূর্ব ২০০০ অব্দে মেক্সিকোর জুকাটান উপদ্বীপ থেকে মায়া সভ্যতার যাত্রা শুরু যা বর্তমানের গুয়েতেমালা, বেলিজ, এলসালভাদর এবং হন্ডুরাস জুড়ে প্রসারিত হয়েছিল ।

22) নৈরাজ্য যে তত্ত্বে মূল উপাদান সেটি হচ্ছে-

1) নব্য মার্কসবাদ
2) নয়া উদারতাবাদ
✔ 3) বাস্তববাদ
4) গঠনবাদ

**ব্যাখ্যা :** আন্তর্জাতিক সম্পর্কের ধ্রুপদি তিনটি তত্ত্ব বাস্তববাদ, উদারতাবাদ এবং কাঠামোবাদ এবং তাদের নব্য প্রতিদ্বন্দ্বী তত্ত্ব নয়া বাস্তববাদ ও নয়া উদারতাবাদ সবগুলোই ঐকমত্য পোষণ করে যে, বিশ্ব ব্যবস্থা পুরোটাই নৈরাজ্যমূলক।তবে এ নৈরাজ্যের ব্যাখ্যা কীভাবে এ সমস্যার সমাধান করা যাবে সে বিষয়ে তাদের মধ্যে ভিন্নতা রয়েছে। [তথ্যসূত্রঃ দৈনিক পত্রিকা ]

Hello BCS

23) মিয়ানমারের রোহিঙ্গারা তাদের নাগরিকত্ব হারায়-

1) ১৯৮৬ সনে
2) ১৯৬২ সনে
3) ১৯৭৮ সনে
✔ 4) ১৯৮২ সনে

**ব্যাখ্যা :** ১৯৮২ সালে বিতর্কিত নাগরিত্ব আইনে মিয়ানমারের রোহিঙ্গাদের নাগরিত্ব অস্বীকার করা হয়। পরে ১৫ অক্টোবর ১৩৫ টি গোত্র নাগরিত্ব লাভ করলেও রোহিঙ্গাদের অস্বীকার করা হয়।

24) ন্যাটোর সর্বশেষ সদস্য রাষ্ট্র কোনটি?

1) আলবেনিয়া
2) মন্টেনেগরো
3) লিথুয়ানিয়া
✔ 4) উত্তর মেসিডোনিয়া

**ব্যাখ্যা :** ন্যাটো একটি সম্মিলিত প্রতিরক্ষা গোষ্ঠী। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত। ন্যাটোর বর্তমান সদস্য-দেশের সংখ্যা ৩০। সর্বশেষ যোগ দেয় উত্তর মেসিডোনিয়া ২৭/০৩/২০২০ তারিখে। ২০০৯ সালের ১ এপ্রিল আলবেনিয়া এবং ক্রোয়েশিয়া ন্যাটোতে যোগ দেয়। ন্যাটোর সম্মিলিত সামরিক বাহিনীর খরচ পৃথিবীর সকল দেশের সামরিক খরচের প্রায় ৭০ ভাগ।

25) নিম্নের কোন কার্যক্রমের সাথে অ্যামেনেস্টি ইন্টারন্যাশনাল যুক্ত ?

1) প্রাণীদের প্রতি নিষ্ঠরতা রোধ
2) পরিবেশ সংরক্ষন
✔ 3) মানবাধিকার সংরক্ষন
4) ঐতিহাসিক স্থাপনা সংরক্ষন

**ব্যাখ্যা :** প্রতিষ্ঠাঃ ২৮ মে ১৯৬১ ; লক্ষ্যঃ বিশ্বব্যাপি মানবাধিকার সংরক্ষন, রাজনৈতিক নির্যাতনের শিকার, মানুষের আইনগত পিটার বেনসন। প্রতিষ্ঠাতাঃ ব্রিটিশ আইনগত পিটার বেনসন। সদর দপ্তরঃ লন্ডন। বর্তমান মহাসচিবঃ ভারতীয় নাগরিক সলিল শেঠী।

26) ক্রমহ্রাসমান হারে ওজোনস্তর ক্ষয়কারী উপাদান বিলীনের বিষয়টি কোন চুক্তিতে বলা হয়েছে ?

✔ 1) মন্ট্রিল প্রটোকল
2) IPCC চুক্তি
3) ক্লোরোফ্লোরো কার্বন চুক্তি
4) কোনটিই নয়

**ব্যাখ্যা :** ওজনস্তর রক্ষায় জাতিসংঘের পরিবেশ কর্মসূচি UNEP ও পরিবেশ বিজ্ঞানীদের উদ্যোগে ১৯৮৭ সালের ১৬ সেপ্টেম্বর কানাডার মন্ট্রিলে "মন্ট্রিল প্রটোকল" স্বাক্ষরিত হয়।

Hello BCS

27) কোন দেশের জাতীয় সংসদ দ্বি-কক্ষ বিশিষ্ট?

✔ 1) মিয়ানমার
2) ব্রুনাই
3) চীন
4) সিঙ্গাপুর

**ব্যাখ্যা :** মিয়ানমারের জাতীয় সংসদ দ্বি-কক্ষ বিশিষ্ট। দেশটির দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভা প্রিদাংসুর নিম্নকক্ষের নাম পিথু হুততাও ও উচ্চকক্ষের নাম অ্যামিয়োথা হুততাও। চীন, ব্রুনাই ও সিঙ্গাপুর এর আইনসভা এককক্ষ বিশিষ্ট।

28) বাইজেন্টাইন সাম্রাজ্যের রাজধানী ছিল কোন নগরী?

1) প্যারিস
✔ 2) কনস্টান্টিনোপল
3) লিসবন
4) ভিয়েনা

**ব্যাখ্যা :** বাইজেন্টাইন সাম্রাজ্যের অপর নাম হচ্ছে পূর্বাঞ্চলীয় রোমান সাম্রাজ্য। ইসলামী বিশ্বে এই সাম্রাজ্য 'রুম' নামে পরিচিত ছিল। রোমান সম্রাট প্রথম কন্সট্যান্টাইন (রাজত্বকাল : ৩০৬-৩৩৭ খ্রি.) ছিলেন প্রথম বাইজেন্টাইন সম্রাট । তিনিই ৩৩০ খ্রিস্টাব্দে রোম থেকে তার রাজধানী বাইজেন্টিয়ামে সরিয়ে আনেন এবং এ শহরকে কনস্টান্টিনোপল নামে পুনর্গঠিত করেন। [Source: wwww.wikipedia.org]

29) বেল্ট ও রোড ইনিসিয়েটিভ(বি আর আই) প্রস্তাব করেছেঃ

✔ 1) চীন
2) আসিয়ান
3) জাপান ভারত

**ব্যাখ্যা :** বি আর আই চীনের একটি মহাপরিকল্পনা। যার উদ্দেশ্য এশিয়াকে বিশ্ব বাণিজ্যের কেন্দ্রীয় ইঞ্জিনে পরিণত করা।

30) সাবেক মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগান কর্তৃক ঘোষিত স্ট্রেটেজিক ডিফেন্স ইনিসিয়েটিভ(এস.ডি.আই) এর জনপ্রিয় নাম ছিলঃ

1) শয়তানের সম্রাজ্যের আক্রমন
2) ম্যাড
✔ 3) তারকা যুদ্ধ
4) থাড

**ব্যাখ্যা :** SDI হলো একটি কৌশলগত প্রতিরক্ষা উদ্যোগ যা USA প্রেসিডেন্ট রোনাল্ড রিগান ১৯৮৩ সালে ঘোষণা করেন।

Hello BCS

31) মেসোপটেমীয় সভ্যতা গড়ে ওঠেছিল কোথায়?

1) হোয়াংহো নদীর তীরে
2) নীলনদের তীরে
3) ইয়াংসিকিয়াং নদীর তীরে
✔ 4) ট্রাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর তীরে

**ব্যাখ্যা :** পৃথিবীর সবচেয়ে প্রাচীন সভ্যতা 'মেসোপটেমীয় সভ্যতা'। ফোরাত (ইউফ্রেটিস) ও দজলা (টাইগ্রিস) নদীর মাঝখানে গড়ে ওঠা এই সভ্যতার নামকরণ হয়েছে গ্রিক শব্দে (Mesopotamia)। Mesopotamia মানে হলো—দুই নদীর মধ্যবর্তী অঞ্চল। এ সভ্যতাকে চারটি পর্যায়ে ভাগ করা যায়—সুমেরীয়, ব্যাবিলনীয়, অ্যাশেরীয় ও ক্যালেডীয়।

32) অক্টোবর বিপ্লবের নেতৃত্ব দিয়েছেন-

1) ফ্রেডরিক এঙ্গেলস
2) কার্ল মার্কস
✔ 3) ভি.আই.লেলিন
4) মাও সে তুং

**ব্যাখ্যা :** বিশ্বব্যাপী মেহনতি মানুষের মুক্তির নতুন দিগন্ত উন্মোচনকারী ২৫ অক্টোবর ১৯১৭ আর ৭ নভেম্বর রাশিয়ার জয়ের বিরুদ্ধে সংঘঠিত হওয়া অক্টোবর বা রুশ বিপ্লবের নেতৃত্বে সোভিয়েত ইউনিয়নের বলশেভিক পার্টির নেতা ভাদিমির ইলিচ-উলিয়ানীভ লেনিন বা ভি আই লেনিন।

33) কোন সালে হিটলার জার্মান চ্যান্সেলর নিযুক্ত হন?

✔ 1) ১৯৩৩
2) ১৯৩১
3) ১৯৩৪
4) ১৯৩২

**ব্যাখ্যা :** দ্বিতীয় বিশ্বযুদ্ধের অন্যতম খলনায়ক এডলফ হিটলার ১৯১৪ সালে সেনাবাহিনীর কর্পোরাল হন। ১৯১৯ সালে তিনি নাৎসি পার্টিতে যোগদান করেন। ১৯২৩ সালে এক ব্যর্থ অভ্যুত্থান চেষ্টার অপরাধে ১৩ মাসের কারাভোগের সময় Mein Kampf রচনা করেন এবং পরবর্তীতে নির্বাচনে অংশ নিয়ে ৩০ জানুয়ারি ১৯৩৩ জার্মানির চ্যান্সেলর নিযুক্ত হন।

34) ভারতের সবচেয়ে প্রাচীন রাজনৈতিক দল কোনটি ?

1) কমুনিস্ট পার্টী
2) বহুজন সমাজ পার্টী
✔ 3) ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস
4) ভারতীয় জনতা পার্টী

Hello BCS

**ব্যাখ্যা :** ভারতের সবচেয়ে প্রাচীন রাজনৈতিক দল হলো ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস। প্রতিষ্ঠাতা অ্যালান অক্টাভিয়ান হিউম, প্রতিষ্ঠাকালীন সময় ১৮৮৫।

35) ২০২২ সালের ফিফা বিশ্বকাপ অনুষ্ঠিত হয়েছে-

1) বার্লিন
2) সিউল
✔ 3) কাতার
4) দুবাই

**ব্যাখ্যা :** ২০২২ সালের ২১ নভেম্বর - ১ ডিসেম্বর ফিফা বিশ্বকাপের ২০ তম আসর অনুষ্ঠিত হয়েছে মধ্যপ্রাচ্যের ধনীদেশ কাতারে। ভেনু সংখ্যা ৮/১২। অংশগ্রহনকারী দলের সংখ্যা ৩২টি।

36) জাতিসংঘের 'Champion of the Earth' খেতাবপ্রাপ্ত কে?

1) থেরেসা মে
2) এঞ্জেলা মার্কেল
3) হিলারি ক্লীন্টন
✔ 4) শেখ হাসিনা

**ব্যাখ্যা :** ২০১৫ সালের ২৮ সেপ্টেম্বর জাতিসংঘ ৭০তম অধিবেশনে পরিবেশ বিষয়ক সর্বোচ্চ পুরস্কার চ্যাম্পিয়নস অব দ্যা আর্থ (Champion of the Earth) পুরস্কার লাভ করেন শেখ হাসিনা । এছাড়াও বিজ্ঞানী ডঃ আতিক রহমান(২০০৮) রেজওয়ান হাসান চৌধুরী(২০০৩) এই পুরস্কার পান।

37) ১৯৯৫ সালটিকে কোন সংস্থাটির গোল্ডেন জুবিলি হিসেবে পালিত হচ্ছে ?

✔ 1) UNO
2) ASEAN
3) NAM
4) GATT

**ব্যাখ্যা :** UNO ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত হয় যা ১৯৯৫ সালে এর সুবর্ণ জয়ন্তী পালন করে। অন্যদিকে GATT চালু হয় ১৯৪৮ সালে।NAM প্রতিষ্ঠিত হয় ১৯৬১ এবং ASEAN প্রতিষ্ঠিত হয় ১৯৬৭ সালে।

---



Hello BCS

## ♣ উত্তরপত্র

৪০-৪১তম বিসিএস আন্তর্জাতিক বিষয়াবলি

**Total questions : 39 Total marks : 39**

---

1) জার্মানীর প্রথম নারী চ্যান্সেলর কে?

1) অ্যানেগরেট ক্রাম্প
2) পেট্রা কেলি
✔ 3) অ্যাঞ্জেলা মারকেল
4) লিনা হেডরিচ

**ব্যাখ্যা :** আঙ্গেলা মের্কেল জার্মানির প্রথম নারী চ্যান্সেলর। ২০০৭ সালে মের্কেল ইউরোপিয়ান কাউন্সিলের প্রেসিডেন্ট নির্বাচিত হন। ২০০৫ সালে চ্যান্সেলর নির্বাচিত হওয়ার আগে অ্যাঙ্গেলা ম্যার্কেল দুবার হেলমুট কোল এর মন্ত্রিপরিষদে মন্ত্রী ছিলেন। এর পর জার্মানির সপ্তম চ্যান্সেলর হিসেবে শীর্ষ পদে নির্বাচিত হন তিনি। ম্যার্কেল যখন দলের প্রধান হন তখন তার বয়স ছিল মাত্র ৪৫ বছর। ৫১ বছরে সবচেয়ে কম বয়সী চ্যান্সেলর হিসেবে শপথ নেন তিনি। ২০০৭ সালে তিনি মার্গারেট থ্যাচারের পর জি৮ এর দ্বিতীয় নারী চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন।

2) কোন মুসলিম দেশ সামরিক জোট ন্যাটোর সদস্য?

1) পাকিস্তান
2) মালয়েশিয়া
3) সৌদি আরব
✔ 4) তুরস্ক

**ব্যাখ্যা :** North Atlantic Treaty Organization (NATO)- ন্যাটোর মুসলিম সদস্যরাষ্ট্র হল- তুরস্ক ও আলবেনিয়া । ১৯৪৯ সালে প্রতিষ্ঠিত হয়। তুরস্ক সৈন্যসংখ্যায় ন্যাটোর দ্বিতীয় বৃহত্তম সদস্য। বর্তমান সদস্য সংখ্যা ৩০। [তথ্যসূত্রঃ দৈনিক কালের কন্ঠ ]

3) বাংলাদেশের জাতিসংঘের--

1) ১৪৬তম সদস্য
2) ১২৬তম সদস্য
✔ 3) ১৩৬তম সদস্য
4) ১৫৬তম সদস্য

**ব্যাখ্যা :** ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর বাংলাদেশ সহ আরও দুটি দেশ জাতিসংঘের সাধারণ পরিষদের ২৯তম অধিবেশন সদস্য পদ লাভ করে।বাকি দুটি দেশ গ্রানাডা ও গিনিবিসাউ। বর্নক্রমানুসারে বাংলাদেশ ১৩৬ তম ;গ্রানাডা ১৩৭ তম এবং গিনিবিসাউ ১৩৮ তম সদস্যপদ লাভ করে ।

Hello BCS

4) জাতিসংঘ কোন সালে মানবাধিকার সংক্রান্ত বৈশ্বিক ঘোষণায় ঐতিহাসিক নথিটি গ্রহণ করে?

✔ 1) ১৯৪৮
2) ২০০০
3) ১৯৫৬
4) ১৯৪৫

**ব্যাখ্যা :** জাতিসংঘ সাধারণ পরিষদে ১০ ডিসেম্বর, ১৯৪৮ সালে মানবাধিকারের উপর সার্বজনীন ঘোষণার খসড়া সিদ্ধান্তটি অনুমোদিত হয়। প্রস্তাবের পক্ষে ৪৮ ভোট পড়ে এবং বিপক্ষে কোন ভোট পড়েনি। কিন্তু ৮টি দেশ ভোট প্রদানে বিরত থাকে। দেশগুলো হলো - সোভিয়েত ইউনিয়ন, ইউক্রেন, বেলারুশ, যুগোস্লাভিয়া, পোল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, চেকোস্লোভাকিয়া এবং সৌদী আরব।

5) জাতিসংঘ সমুদ্র আইন কত সালে স্বাক্ষরিত হয়েছিল?

1) ১৯৮৩ সালে
✔ 2) ১৯৮২ সালে
3) ১৯৭৯ সালে
4) ১৯৮৫ সালে

**ব্যাখ্যা :** ১৯৭৪ সালে সর্বপ্রথম বাংলাদেশের জাতীয় সংসদ কর্তৃক সমুদ্র আইন পাস করা হয় যা আঞ্চলিক পানি ও সামুদ্রিক এলাকা আইন ১৯৭৪ (The Territorial Waters And Meritime Zones Act, 1974) নামে পরিচিত। এছাড়া জাতিসংঘের 'সমুদ্র আইন বিষয়ক জাতিসংঘ কনভেনশন, ১৯৮২' একটি আন্তর্জাতিক সমুদ্র আইন যা বিশ্বব্যাপি স্বীকৃত।

6) ২০২২ সালে প্রকাশিত ‘আইনের শাসন’ সূচকে শীর্ষস্থান অর্জনকারী দেশের নাম কী?

✔ 1) ডেনমার্ক
2) জার্মানি
3) নরওয়ে
4) সিঙ্গাপুর

**ব্যাখ্যা :** বৈশ্বিক আইনের শাসন সূচকে এ বছর সবার ওপরে রয়েছে ডেনমার্ক। তাদের স্কোর ০.৯০। দ্বিতীয় নরওয়ের স্কোরও ০.৯০ ও তৃতীয় ফিনল্যান্ডের ০.৮৮। সূচকে শীর্ষ দশে থাকা অন্য দেশ গুলো হলো সুইডেন (চতুর্থ), জার্মানি (পঞ্চম), নেদারল্যান্ডস (ষষ্ঠ), নিউজিল্যান্ড (সপ্তম), লুক্সেমবার্গ (অষ্টম), অস্ট্রিয়া (নবম) এবং আয়ারল্যান্ড (দশম)।

7) Alliance যে দেশভিত্তিক গার্মেন্টস ব্রান্ডগুলোর সংগঠন___

1) যুক্তরাজ্যের
✔ 2) যুক্তরাষ্ট্রের
3) চীন
4) কানাডার

Hello BCS

**ব্যাখ্যা :** অ্যালায়েন্স ফর বাংলাদেশ ওয়ার্কার সেফটি, যেটি 'অ্যালায়েন্স' নামেও পরিচিত, বিশ্বের ২৮টি বিখ্যাত ব্র্যান্ডের সমন্বয়ে গঠিত একটি পাঁচ বছর মেয়াদী সংস্থা, যারা বাংলাদেশের পোশাক কারখানার শ্রমিকদের শ্রম নিরাপত্তা নিয়ে কাজ করবে ।

সম্মিলিতভাবে, অ্যালায়েন্স সদস্যরা বিশেষত উত্তর আমেরিকার আমদানিকারক, যারা বাংলাদেশের ৭০০+ কারখানা থেকে তৈরি পোশাক আমদানি করে থাকে।

রানা প্লাজার দুর্ঘটনার পরে ওয়ালমার্ট অ্যালায়েন্স ফর বাংলাদেশ ওয়ার্কার সেফটির প্রতিষ্ঠাতা সদস্য হয়।

8) নিচের কোন দেশটিতে রাশিয়ার সামরিক ঘাঁটির সুবিধা বিদ্যমান?

1) কিউবা
✔ 2) ভিয়েতনাম
3) সোমালিয়া
4) উজবেকিস্তান

**ব্যাখ্যা :** ১৯৭৯ সালে ভিয়েতনামে সোভিয়েত ইউনিয়ন Cam Ranh Air Base & Naval Base স্থাপন করে।

রাশিয়া ২০১৩ সালে নৌঘাটি এবং ২০১৪ সালে বিমান ঘাটির কার্যক্রম স্থগিত ঘোষণা করলেও সেখানে লজেস্টিক সাপ্লাই এর কাজ করে যাচ্ছে।

9) OIC- এর কততম শীর্ষ সম্মেলন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অংশগ্রহণ করেন?

✔ 1) ২য় শীর্ষ সম্মেলন
2) ৫ম শীর্ষ সম্মেলন
3) ৪র্থ শীর্ষ সম্মেলন
4) ৭ম শীর্ষ সম্মেলন

**ব্যাখ্যা :** ১৯৬৯ সালের সেপ্টেম্বর মাসের ২২-২৫ তারিখে অনুষ্ঠিত কতগুলো মুসলমানপ্রধান দেশের একটি শীর্ষ সম্মেলনে ইসলামী সম্মেলন সংস্থা (ওআইসি) মরক্কোর রাবাতে প্রতিষ্ঠিত হয়।সংস্থাটির বর্তমান মহাসচিব ইউসেফ আল-ওথাইমিন, বর্তমান সদস্যসংখ্যা ৫৭।বাংলাদেশ বঙ্গবন্ধুর নেতৃত্বে পাকিস্তানের লাহোরে ১৯৭৪-এর ২২-২৪ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ওআইসির দ্বিতীয় শীর্ষ সম্মেলনে সদস্য হিসেবে আনুষ্ঠানিকভাবে যোগ দেয়।বাংলাদেশ ২২ ফেব্রুয়ারি, ১৯৭৪ সালে ওআইসির দ্বিতীয় সম্মেলনে ৩২ তম সদস্য হিসাবে সদস্যপদ লাভ করে।

10) ইনকা সভ্যতা কোন অঞ্চলে বিরাজমান ছিল?

✔ 1) দক্ষিণ আমেরিকা
2) ইউরোপ
3) আফ্রিকা
4) মধ্যপ্রাচ্য

Hello BCS

**ব্যাখ্যা :** ইনকা সভ্যতার (১৪৩৮-১৫৩৩খ্রি.) সূচনা হয় দক্ষিণ আমেরিকার আন্দিজ পর্বতমালার দক্ষিণে কুজকো অঞ্চলে। ইনকারা তাদের আবাস ভূমিকে বলত "তাওয়ানতিনসুইয়ু"। এ শব্দটি কেচুয়া ভাষার শব্দ। কোস্কো অঞ্চলে যাত্রা শুরু হলেও ক্রমে বর্তমান আইয়াকুচো, পেরু ইত্যাদি অঞ্চলের অনেকটা অংশ নিয়ে ইনকাদের বিশাল শক্তিশালী রাজ্য গড়ে উঠেছিল।

11) Sunshine policy- এর সাথে কোন দুটি দেশ জড়িত?

1) জাপান, থাইল্যান্ড
✔ 2) উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া
3) তাইওয়ান, হংকং
4) চীন, রাশিয়া

**ব্যাখ্যা :** ১৯৯৮ সালে, দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট কিম দায়ে-জুং উত্তর কোরিয়ার জন্য সানশাইন নীতি ঘোষণা করেন। ১৯৯৯ সালে নৌবাহিনীর সংঘর্ষের পরে, ২000 সালের জুনে কিম দায়ে-জং এবং কিম জং-ইল এর মধ্যে প্রথম আন্ত-কোরিয়ান শীর্ষ সম্মেলন হয়েছিল। ফলস্বরূপ, কিম দায়ে-জংকে শান্তিতে নোবেল পুরস্কার দেয়া হয়। ২০০৮ সাল পর্যন্ত Sunshine Policy টিকে ছিল।

12) টেকসই উন্নয়ন সংক্রান্ত ২০৩০ এজেন্ডা তে কয়টি লক্ষ্য রয়েছে?

1) ২১
✔ 2) ১৭
3) ১৫
4) ২৭

**ব্যাখ্যা :** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) হলো ভবিষ্যত আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত একগুচ্ছ লক্ষ্যমাত্রা। SDGs-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল।

13) আন্তর্জাতিক আদালতে মিয়ানমার কর্তৃক রোহিঙ্গা গণহত্যার অভিযোগে মামলা করে কোন দেশ?

1) আলজেরিয়া
✔ 2) গাম্বিয়া
3) বাংলাদেশ
4) নাইজেরিয়া

**ব্যাখ্যা :** ১১ নভেম্বর ,২০১৯ সালের নভেম্বরে ইসলামিক সহযোগিতা সংস্থার (ওআইসির) সহায়তায় মিয়ানমারের বিরুদ্ধে গণহত্যা মামলা দায়ের করে গাম্বিয়া। গাম্বিয়ার অভিযোগে বলা হয়, প্রায় সাড়ে সাত লাখেরও বেশি রোহিঙ্গার ওপর নৃশংস সামরিক অভিযান চালিয়ে রোহিঙ্গা গ্রামগুলো পুড়িয়ে দিয়ে, হাজারো রোহিঙ্গাকে হত্যা, আহত ও নারীদের ধর্ষণ করেছে মিয়ানমার। মামলার নেতৃত্ব দেন গাম্বিয়ার বর্তমান আইনমন্ত্রী ও অ্যাটর্নি জেনারেল আবু বকর মারি তাম্বাদু। [তথ্যসূত্রঃ দৈনিক পত্রিকা]

Hello BCS

14) ফিনল্যান্ড কোন দেশের উপনিবেশ ছিল?

✔ 1) রাশিয়া
2) ইংল্যান্ড
3) সুইডেন
4) ডেনমার্ক

**ব্যাখ্যা :** সুইডেনের উপনিবেশ হলো নরওয়ে।ডেনমার্কের কাছ থেকে আইসল্যান্ড স্বাধীনতা লাভ করে। ক্যারাবিয়ান দেশগুলো ব্রিটেনের উপনিবেশ ছিল, তবে হাইতি ছিল ফ্রান্সের উপনিবেশ।ইউরোপে ব্রিটেনের একমাত্র উপনিবেশ ছিল মাল্টা। [তথ্যসূত্রঃ বিশ্বকোষ ]

15) চীন নিচের কোন আফ্রিকান দেশটিকে সামরিক ঘাঁটি স্থাপনের মাধ্যমে কৌশলগত সম্পর্ক স্থাপন করেছে?

1) জাম্বিয়া
2) লাইবেরিয়া
3) ইথিওপিয়া
✔ 4) জিবুতি

**ব্যাখ্যা :** পূর্ব আফ্রিকার বাব-এল-মান্দেবের তীরে অবস্থিত গুরুত্বপূর্ণ ছোট দেশ জিবুতি তে ১ আগষ্ট ২০১৭ বিদেশের মাটিতে প্রথম সামরিক ঘাঁটি স্থাপন করে চীন ।ভূরাজনৈতিক ও কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হওয়ার জন্য আগে থেকেই দেশটিতে যুক্তরাষ্ট্র, ফ্রান্স ও জাপানের সামরিক ঘাঁটি রয়েছে।

16) কোন দুটি দেশের মধ্যে সীমান্ত বিরোধ নিষ্পত্তির জন্য ২০১৯ সালে নোবেল শান্তি পুরস্কার দেয়া হয়?

1) পেরু এবং ভেনেজুয়েলা
2) ক্যামেরুন এবং ইথিওপিয়া
✔ 3) ইথিওপিয়া এবং ইরিত্রিয়া
4) মালি ও সেনেগাল

**ব্যাখ্যা :** ১৯৯৮-২০০০ সাল পর্যন্ত প্রতিবেশি দেশ ইথিওপিয়া ও ইরিত্রিয়ার সীমান্তে যুদ্ধ হয়েছিল এবং এরপর তাদের মধ্যে বৈরী সম্পর্ক ছিল। প্রধানমন্ত্রী আবি আহমেদ আলীর উদ্যোগের কারণে ২০১৮ সালের জুলাই মাসে ইথিওপিয়া ও ইরিত্রিয়ার মধ্যে সম্পর্ক পুনস্থাপিত হয়।শান্তি ও আন্তর্জাতিক সহযোগিতায় তার প্রচেষ্টা ও প্রতিবেশি ইরিত্রিয়ার সঙ্গে সীমান্ত সংঘর্ষ এড়াতে তার পদক্ষেপের জন্য ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন তিনি।

17) শ্রীলংকার কোন সমুদ্রবন্দর চীনের নিকট ৯৯ বছরের জন্য লীজ দেয়া হয়েছে?

1) ত্রিঙ্কোমালী
✔ 2) হাম্বানটোটা
3) গল বন্দর
4) পোর্ট অব কলম্বো

Hello BCS

**ব্যাখ্যা :** শ্রীলংকার দক্ষিণাঞ্চলীয় হাম্বানটোটায় ১১০ কোটি ডলারের বিনিময়ে গভীর সমুদ্রবন্দরের নিয়ন্ত্রণ এবং উন্নয়নের জন্য চীনের সাথে একটি চুক্তি করেছে শ্রীলংকার সরকার। চুক্তি অনুযায়ী, রাষ্ট্র মালিকানাধীন একটি চীনা কোম্পানি ৯৯ বছরের জন্য বন্দর এবং তার সংলগ্ন ১৫,০০০ একর জমি শিল্পাঞ্চল তৈরির জন্য ইজারা নেবে।কলম্বো বন্দরের পরে এ বন্দরটি শ্রীলংকার ২য় বৃহত্তম সমুদ্রবন্দর।

18) নিচের কোন দেশে ২০২২ সালের G-২০ বাৎসরিক সম্মেলন অনুষ্ঠিত হবে?

1) ইতালি
2) ব্রাজিল
✔ 3) বালিতে
4) যুক্তরাষ্ট্র

**ব্যাখ্যা :** ২০২২ সালের G20 সম্মেলন বাকি,ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত হবে। [তথ্যসূত্রঃ উইকিপিডিয়া ]

19) আন্তর্জাতিক মুদ্রা তহবিল কোন সালে গঠিত হয়?

✔ 1) ১৯৪৪ সালে
2) ১৯৪৫ সালে
3) ১৯৪৮ সালে
4) ১৯৪৯ সালে

**ব্যাখ্যা :** আন্তর্জাতিক মুদ্রা তহবিল (INTERNATIONAL MONETARY FUND, IMF) জাতিসংঘ কর্তৃক অনুমোদিত স্বায়ত্তশাসিত আর্থিক প্রতিষ্ঠান।বিভিন্ন দেশের মুদ্রামানের হ্রাস-বৃদ্ধি পর্যবেক্ষণ করা এর প্রধান কাজ। এর ধারণা প্রথম সূচিত হয় ১৯৪৪ খ্রিষ্টাব্দের ২২ জুলাই তারিখে। এর কার্যক্রমের গোড়াপত্তন হয় ব্রেটন উডস সম্মেলন-এ (পূর্ববর্তী জাতিসংঘের অর্থ ও আর্থিক সম্মেলন-এ) মিলিত হয়ে ৪৫টি সদস্য রাষ্ট্রের অর্থনীতি এবং তাদের আন্তর্জাতিক লেনদেন-এর ভারসাম্য রক্ষার লক্ষ্য নিয়ে। এই সংস্থার কার্যক্রম শুরু হয় ১৯৪৫ সালের ২৭শে ডিসেম্বর। তথ্যসুত্রঃ Official Site of IMF

20) বিখ্যাত 'ওয়াশিংটন কনসেনসাস' কোন বিষয়ের সঙ্গে জড়িত?

1) আন্তর্জাতিক সন্ত্রাসবাদ
✔ 2) নয়া উদারতাবাদী অর্থনৈতিক নীতি বাস্তবায়ন
3) আন্তর্জাতিক অভিবাসন নীতি
4) অস্ত্র নিয়ন্ত্রণ

**ব্যাখ্যা :** বিখ্যাত Washington Consensus (ওয়াশিংটন কনসেনসাস) নয়া উদারতাবাদী অর্থনৈতিক নীতি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত। এ নীতিটি অর্থনীতিবিদ জন উইলিয়ামসন ১৯৯৩ সালে ভালো অর্থনৈতিক ব্যবস্থাপনার ভিত্তি মূলে তার এবং ওয়াশিংটন ভিত্তিক IBRD ও IMF এর কিছু নীতিমালাকে বুঝাতে ব্যবহার করা হয়েছে ।

Hello BCS

21) পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীরের কোন অংশে ভারত সম্প্রতি (ফেব্রুয়ারি,২০১৯) সামরিক বিমান হামলা পরিচালনা করে?

1) কোয়েটা
✔ 2) বালাকোট
3) এবোটাবাদ
4) গিলগিট

**ব্যাখ্যা :** ২০১৯ সালের ১৪ ফেব্রুয়ারি, ভারতের জম্মু ও কাশ্মিরের পুলওয়ামা জেলার লেথপোরা (আতন্তিপোরোর নিকট) জম্মু শ্রীনগর জাতীয় মহাসড়কে নিরাপত্তা বাহিনীকে বহনকারী গাড়িকে একটি গাড়ি দ্বারা আত্মঘাতী বোমা হামলা করা হয়। এই হামলার ফলে ৪৯ জন সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ) কর্মী এবং আক্রমণকারীর মৃত্যু ঘটে।২৬ ফেব্রুয়ারি ২০১৯ সালে ভারতীয় বিমানবাহিনীর ১২ টি মিরাজ ২০০০ জেট বিমান নিয়ন্ত্রণ রেখা অতিক্রম করে বালাকোটে জইশ-ই-মুহাম্মদ পরিচালিত একটি সন্ত্রাসী ঘাঁটিতে আঘাত করে। ভারতীয় পররাষ্ট্র সচিব বিমান হামলাটিকে 'অসামরিক, স্বতপ্রণোদিত বিমান হামলা' বলে অভিহিত করেছেন।

22) কোন দেশটি ইউরোপের বাল্টিক অঞ্চল অবস্থিত নয়?

1) পোল্যান্ড
2) সুইডেন
3) ফিনল্যান্ড
✔ 4) অস্ট্রিয়া

**ব্যাখ্যা :**

- উত্তর ইউরোপের বাল্টিক সাগরের তীরবর্তী যে ৯টি দেশকে নিয়ে বাল্টিক অঞ্চল গঠিত।
- সে দেশগুলো হলোঃ

- ডেনমার্ক,
- জার্মানি,
- পোল্যান্ড,
- লিথুনিয়া,
- লাটভিয়া,
- এস্তোনিয়া,
- রাশিয়া,
- ফিনল্যান্ড ও
- সুইডেন।

- অপরদিকে, অস্ট্রিয়ার সাথে বাল্টিক সাগরের কোন সংযোগ নেই।

ইন্টারফ্যাক্স কী ধরনের সংস্থার নাম?
ইউক্রেনের গোয়েন্দা সংস্থার নাম
যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থার নাম
অস্ট্রেলিয়ার গোয়েন্দা সংস্থার নাম

Hello BCS

রাশিয়ার সরকারি বার্তা সংস্থা
- ইন্টারফ্যাক্স রাশিয়ার সরকারি বার্তা সংস্থা।
- মিখাইল কমোসার এর প্রতিষ্ঠাতা।
- এর সদরদপ্তর মস্কোতে অবস্থিত।
- অপরদিকে ফ্যায়ারফক্স যুক্তরাষ্ট্রের বেসরকারি গোয়েন্দা সংস্থা।

উৎসঃ রাশিয়ার সরকারি ওয়েবসাইট।

23) জাতিসংঘ নামকরণ করেন-

✔ 1) রুজভেল্ট
2) দ্যা গল
3) চার্চিল
4) স্টালিন

**ব্যাখ্যা :** মার্কিন প্রেসিডেন্ট এফডি রুজভেল্ট। তিনি আটলান্টিক সনদে ১৯৪১ সালে যুক্তরাষ্ট্রের হয়ে স্বাক্ষর করেন এবং সর্বপ্রথম 'জাতিসংঘ' নামটি ব্যবহার করেন। তিনি জাতিসংঘ গঠনের প্রস্তাবক।

24) সামরিক ভাষায় 'WMD' অর্থ কী?

✔ 1) Weapons of Mass Destruction
2) Worldwide Mass Destruction
3) Weapons of Missile Defence
4) Weapons for Massive Destruction

**ব্যাখ্যা :** Weapons of Mass Destruction বা গণবিধ্বংসী অস্ত্র। ২০০৩ সালে WMD আছে এমন অভিযোগে ইঙ্গ-মার্কিন জোট ইরাকে আক্রমণ করে। নয়টি দেশে বর্তমানে পারমাণবিক অস্ত্র রয়েছে : মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স, চীন, ভারত, পাকিস্তান, ইসরায়েল এবং উত্তর কোরিয়া।

25) নিচের কোন সংস্থাটির স্থায়ী সদর দপ্তর নেই?

1) NATO
✔ 2) NAM
3) EU
4) ASEAN

**ব্যাখ্যা :** স্নায়ুযুদ্ধকালে দ্বিমেরুকেন্দ্রিক বিশ্বব্যবস্থায় দুই বৃহৎশক্তির কোনো বলয়ে যোগদান না করে নিরপেক্ষ থাকার মানসে বিশ্বের কতিপয় নেতৃবৃন্দ ১৯৬১ সালে Non - Aligned Movement (NAM) গঠন করে। বর্তমানে এর সদস্য সংখ্যা ১২০ জন। NATO ও EU এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত । ASEAN এর সদর দপ্তর ইন্দোনেশিয়ার জাকার্তায় অবস্থিত।

Hello BCS

26) যুক্তরাষ্ট্রের Guantanamo Bay Detention Camp কোথায় অবস্থিত?

1) জ্যামাইকা
2) ফ্লোরিডা
✔ 3) কিউবা
4) হাইতি

**ব্যাখ্যা :** ১১ জানুয়ারি ২০০২ তারিখে কিউবার দক্ষিণ-পূর্বে ক্যারিবীয় সাগরে গুয়ানতানামো উপসাগরে কিউবার মাটিতে মার্কিন নৌবাহিনীর একটি ঘাঁটিতে এই কারাগারটি স্থাপন করে মার্কিন যুক্তরাষ্ট্র। গুয়ানতানামো কারাগার স্থাপনের পর সর্বপ্রথম ২০০২ খ্রিষ্টাব্দের জানুয়ারিতে আফগানিস্তান থেকে ২০ জন বন্দীকে এখানে আনা হয়। বর্তমানে এ ক্যাম্পে ৪০ জন আটক অবস্থায় রয়েছে।

27) যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি নির্বাচনে ডেমোক্রেটিক দলের মনোনয়নের জন্য ন্যূনতম কতজন ডেলিগেটের সমর্থন প্রয়োজন?

1) ২৫০০
✔ 2) ১৯৯১
3) ১৯৫০
4) ১৮৯০

**ব্যাখ্যা :** ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে মনোনয়ন লাভের জন্য ন্যূনতম ১৯৯১ জন প্রতিনিধির সমর্থন প্রয়োজন। ২০২০ সালে জো বাইডেন ২৬৮৭ জন প্রতিনিধির সমর্থন লাভ করে ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে মনোনীত হন ,যেখানে মোট প্রতিনিধি ছিল ৩৯৭৯।

28) নিচের কোন সংস্থাটির সচিবালয় বাংলাদেশে অবস্থিত?

✔ 1) BIMSTEC
2) CICA
3) IORA
4) SAARC

**ব্যাখ্যা :** দক্ষিণ ও দক্ষিণ -পূর্ব এশিয়ার ৭ টি দেশকে নিয়ে ১৯৯৭ সালে BIMSTEC গঠিত হয় ।বিমসটেক এর সদরদপ্তর বাংলাদেশের ঢাকায় অবস্থিত এবং ২০১৪ সালের ১৩ সেপ্টেম্বর বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তা উদ্বোধন করেন। Conference on International and Confidence -Building Measure of Asia - CICA এর সচিবালয় কাজাখস্তানের রাজধানী নুরসুলতানে অবস্থিত। Indian Ocean Rim Association বা IORA এর সদর দপ্তর মরিশাসের এবেনে শহরে অবস্থিত।আর সার্কের সদর দপ্তর অবস্থিত নেপালের কাঠমান্ডুতে।

29) স্টিভ চেন ও চাড হারলির সাথে যৌথভাবে কোন বাংলাদেশী ইউটিউব (Youtube) প্রতিষ্ঠা করেন?

✔ 1) জাবেদ করিম
2) ফজলুল করিম

Hello BCS

3) জাওয়াদুল করিম
4) মঞ্জুরুল করিম

**ব্যাখ্যা :** স্টিভ চেন ও চাড হারলির সাথে যৌথভাবে ইউটিউব (Youtube) প্রতিষ্ঠা করেন বাংলাদেশী বংশোদ্ভুত জাবেদ করিম। তার জন্ম তৎকালীন পূর্ব জার্মানিতে। ইংরেজিতে তার নামের বানান 'Jawed Karim', অর্থাৎ জাবেদ করিম।

30) জাতিসংঘের কোন সংস্থাটি করোনা ভাইরাসকে 'Pandemic' ঘোষণা করেছে?

1) ECOSOC
2) FAO
✔ 3) WHO
4) HRC

**ব্যাখ্যা :** ৩১ ডিসেম্বর ২০১৯ চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে কোভিড-১৯ রোগ ছড়িয়ে পড়ে। ১১ মার্চ, ২০২০বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) কোভিড-১৯ কে Pandemic(মহামারী) ঘোষণা করে।

31) জাতিসংঘের কোন সংস্থা বার্ষিক বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন প্রকাশ করে?

1) MIGA
2) WTO
3) World Bank
✔ 4) UNCTAD

**ব্যাখ্যা :** উন্নয়নশীল বিশ্বে বাণিজ্য সম্প্রসারণের জন্য ১৯৬৪ সালে UNCTAD(United Nations Conference on Trade and Development)গঠিত হয়। এটি বার্ষিক বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন প্রকাশ করে। এটি জাতিসংঘের সাধারণ পরিষদের স্থায়ী সংস্থা। সদস্য রাষ্ট্র সংখ্যা ১৯৫।

32) জাতিসংঘ বিষয়ক আলোচনায় পি ৫ বলতে কি বুঝায়?

✔ 1) নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য রাষ্ট্র
2) কোনটি নয়
3) পাঁচটি পরমাণু শক্তিধর রাষ্ট্র
4) পাঁচটি জাতিসংঘ সংস্থা

**ব্যাখ্যা :** জাতিসংঘের ছয়টি প্রধান অঙ্গের অন্যতম জাতিসংঘ নিরাপত্তা পরিষদ বা পার্মানেন্ট ফাইভ বা বিগ ফাইভ বা P5।P5 বলতে বুঝায় নিরাপত্তা পরিষদের স্থায়ী পাঁচটি সদস্য রাষ্ট্র। নিরাপত্তা পরিষদ পনের সদস্য নিয়ে গঠিত। দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিজয়ী পাঁচ পরাশক্তি - চীন, ফ্রান্স, রাশিয়া, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র এর স্থায়ী সদস্য। এই স্থায়ী সদস্যদের নিরাপত্তা পরিষদের রেজল্যুশন, নতুন সদস্য দেশ অন্তর্ভুক্তি বা মহাসচিব প্রার্থীর নিয়োগে ভেটো দেওয়ার ক্ষমতা আছে।

Hello BCS

33) ব্রিটিশ ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লীতে স্থানান্তরিত হয় কত সালে?

✔ 1) ১৯১২ সালে
2) ১৯১৩ সালে
3) ১৯১৫ সালে
4) ১৯১৪ সালে

**ব্যাখ্যা :** ১৯০৫ সালে বেঙ্গল প্রেসিডেন্সিকে ভেঙ্গে দুই ভাগ করার ফলে বঙ্গভঙ্গ আন্দোলন শুরু হয়। ব্যাপক আন্দোলনের ফলে ১৯১১ সালে ইংল্যান্ডের রাজা পঞ্চম জর্জ বঙ্গভঙ্গ রদ করেন এবং ১৯১২ সালে রাজধানী কলকতা থেকে দিল্লিতে স্থানান্তরিত করেন। রাজা পঞ্চম জর্জের মাধ্যমে দিল্লি দরবার নামক রাজকীয় অনুষ্ঠানে ১৯১১ সালের ১২ ডিসেম্বর নতুন রাজধানী হিসেবে নয়া দিল্লির ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়েছিল। এর ২০ বছর পর, ১৯৩১ সালের ১৩ ফেব্রুয়ারি, ভারতের গভর্নর জেনারেল ও ভাইসরয় লর্ড আরউইন নতুন রাজধানী হিসেবে নয়া দিল্লির উদ্বোধন ঘোষণা করেন।সব মিলিয়ে কলকাতা থেকে যাবতীয় প্রশাসন নয়া দিল্লিতে স্থানান্তরের পেছনে খরচ হয়েছিল চার মিলিয়ন ব্রিটিশ পাউন্ড।

34) ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল কোন দেশ ভিত্তিক আন্তর্জাতিক সংস্থা?

1) মার্কিন যুক্তরাষ্ট্র
2) সুইডেন
3) যুক্তরাজ্য
✔ 4) জার্মানি

**ব্যাখ্যা :** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (TI) জার্মানির বার্লিন ভিত্তিক দুর্নীতি বিরোধী বিশ্ব সংস্থা। এটি ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়। এটি একটি অ-লাভজনক বেসরকারী প্রতিষ্ঠান।

35) মিনস্ক নিচের কোন দেশের রাজধানী?

1) আজারবাইজান
2) তাজাকিস্তান
3) পর্তুগাল
✔ 4) বেলারুশ

**ব্যাখ্যা :** বেলারুশ মধ্য পূর্ব ইউরোপের একটি স্থলবেষ্টিত প্রজাতন্ত্র যার রাজধানী হলো মিনস্ক। তাজাকিস্তান এর রাজধানী দুশানবে। আজারবাইজান এর রাজধানী বাকু। পর্তুগাল এর রাজধানী লিসবন।

36) আন্তর্জাতিক বিচার আদালত রোহিঙ্গা গণহত্যা বিষয়ক অন্তর্বর্তীকালীন রায়ে মিয়ানমারকে কয়টি নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের কথা বলেছে?

1) ৩টি
2) ৫টি
3) ২টি
✔ 4) ৪টি

Hello BCS

**ব্যাখ্যা :** ২৩ জানুয়ারি ২০২০ সালে মিয়ানমারের বিরুদ্ধে গাম্বিয়ার দায়ের করা মামলায় আন্তর্জাতিকবিচার আদালত (আইসিজে) চার (৪)টি অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করে। (১) রাখাইনে বসবাসরত সাড়ে ছয় লাখ রোহিঙ্গা মুসলিম ঝুঁকিতে রয়েছে। তাদের সুরক্ষা দেবার জন্য মিয়ানমার সরকারকে কার্যকরী ব্যবস্থা নিতে হবে। (২) মিয়ানমারের সেনাবাহিনীর লাগাম টেনে ধরতে হবে। আদালত বলেছে, সেনাবাহিনী কিংবা অন্য যে কোন ধরণের নিরাপত্তা বাহিনী যাতে গণহত্যা না চালায় কিংবা উস্কানি না দেয় সেজন্য সব ধরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৩)রোহিঙ্গা গণহত্যা সংক্রান্ত যেসব অভিযোগ এসেছে, সে সংক্রান্ত তথ্য-প্রমাণ সংরক্ষণ করতে হবে। (৪) রোহিঙ্গাদের সুরক্ষা দেবার জন্য মিয়ানমার কী ধরণের ব্যবস্থা নিয়েছে সে সংক্রান্ত প্রতিবেদন আগামী চারমাসের মধ্যে আন্তর্জাতিক বিচার আদালতের কাছে জমা দিতে হবে। এরপর প্রতি ছয়মাসে একটি করে প্রতিবেদন জমা দিতে হবে। এসব প্রতিবেদন গাম্বিয়ার কাছে তুলে ধরা হবে।উল্লেখ্য যে, ২০১৭ সালের আগস্টে রাখাইনে রোহিঙ্গাদের ওপর মিয়ানমার সেনাবাহিনীর হত্যা, ধর্ষণ ও অগ্নিসংযোগের মুখে প্রায় সাড়ে সাত লাখ রোহিঙ্গা বাংলাদেশে পালিয়ে আসে।এই নৃশংসতাকে গণহত্যা আখ্যা দিয়ে গত বছরের ১১ নভেম্বর আইসিজেতে মামলা দায়ের করে আফ্রিকার মুসলমান সংখ্যাগরিষ্ঠ দেশ গাম্বিয়া।

37) নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন কোন বছর প্রতিষ্ঠিত হয়?

1) ১৯৫১ সালে
✔ 2) ১৯৪৯ সালে
3) ১৯৪৮ সালে
4) ১৯৪৫ সালে

**ব্যাখ্যা :** ন্যাটো ১৯৪৯ সালের ৪ এপ্রিল প্রতিষ্ঠিত হয়। এ সামরিক জোটের উদ্দেশ্য হলো বিরোধপূর্ণ সমস্যার শান্তিপূর্ণ উপায়ে সমাধান করা, বৈদেশিক আক্রমণ প্রতিহত করার জন্য সমষ্টিগত শক্তি বৃদ্ধি করা। জাতিসংঘের সনদের ৫১ ধারা অনুযায়ী বৈদেশিক আক্রমণ প্রতিহত করার জন্য ন্যাটো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। সাবেক সোভিয়েত ইউনিয়ন ও কমিউনিস্ট বিশ্বের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ধনতান্ত্রিক দেশের একটি সামরিক জোট।

38) সর্বশেষ মিউনিখ নিরাপত্তা সম্মেলন কোন সালের কোন মাসে অনুষ্ঠিত হয়েছে?

1) মার্চ,২০১৯
2) ডিসেম্বর,২০১৮
✔ 3) ফেব্রুয়ারি, ২০১৯
4) সেপ্টেম্বর, ২০১৮

**ব্যাখ্যা :** মিউনিখ নিরাপত্তা সম্মেলন প্রতিবছর ফেব্রুয়ারী মাসে জার্মানির মিউনিখ শহরে অনুষ্ঠিত হয়।১৯৬৩ সালে প্রথম অনুষ্ঠিত হয় এ সম্মেলন।সবশেষ ৫৫ তম সম্মেলনটি অনুষ্ঠিত হয় ১৫-১৭ ফেব্রুয়ারি ২০১৯ সালে।

39) BRICS কর্তৃক প্রতিষ্ঠিত ব্যাংকের নাম হচ্ছে -

✔ 1) New Development Bank(NDB)
2) International Commercial Bank(ICB)
3) BRICS Development Bank(BDB)

Hello BCS

4) Economic Development Bank(EDB)

**ব্যাখ্যা :** New development Bank ,BRICS দেশসমূহ (ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা) দ্বারা প্রতিষ্ঠিত একটি বহুমুখী উন্নয়ন ব্যাংক ।১৫ -১৬ জুলাই.২০১৪ ব্রাজিলের ফোর্তালেজা শহরে BRICS তার ষষ্ঠ সম্মেলনে New Development Bank নামে একটি ব্যাংক প্রতিষ্ঠা করে যা ২১ জুলাই ২০১৫ চীনের সাংহাই শহরে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে।ব্যাঙ্কটির প্রথম ও বর্তমান প্রেসিডেন্ট ভারতীয় নাগরিক কে.ভি .কামাথ।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS

## ♣ উত্তরপত্র

৪২-৪৩তম বিসিএস আন্তর্জাতিক বিষয়াবলি

**Total questions : 36 Total marks : 36**

---

1) Sustainable Development Goals (SDG) কয়টি?

1) ৩১টি
2) ১৩টি
✔ 3) ১৭টি
4) ১৫টি

**ব্যাখ্যা :** ২০১২ সালে ব্রাজিলের রিওডিজেনিরোতে অনুষ্ঠিত জাতিসংঘের টেকসই উন্নয়ন সম্মেলনে SDG ধারণা প্রতিষ্ঠিত হয়। যা ২৫ সেপ্টেম্বর ২০১৫ UNGA-এর ৭০/১ রেজুল্যুশন নাম্বার অনুযায়ী অনুমোদিত হয়। SDG-এর স্কোর কিপার জাতিসংঘের মানব উন্নয়ন সংস্থা UNDP। এতে ১৭টি লক্ষ্যমাত্রা এবং ১৬৯টি সহযোগী লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়। ১. দারিদ্র্য বিমোচন ২. ক্ষুধা মুক্তি ৩. সু স্বাস্থ্য ৪. মানসম্মত শিক্ষা ৫. লিঙ্গ সমতা ৬. সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ৭. নবায়নযোগ্য ও ব্যয়সাধ্য জ্বালানি ৮. কর্মসংস্হান ও অর্থনীতি ৯. উদ্ভাবন ও উন্নত অবকাঠামো ১০. বৈষম্য হ্রাস ১১. টেকসই নগর ও সম্প্রদায় ১২. পরিমিত ভোগ ১৩. জলবায়ু বিষয়ে পদক্ষেপ ১৪. টেকসই মহাসাগর ১৫. ভূমির টেকসই ব্যবহার ১৬. শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান ১৭. টেকসই উন্নয়নের জন্য অংশীদারত্ব

2) নাথু লা পাস কোন দুটি দেশকে সংযুক্ত করেছে?

1) ভারত-পাকিস্তান
2) ভারত-নেপাল
✔ 3) ভারত-চীন
4) ভারত-ভুটান

**ব্যাখ্যা :** নাথু লা পাস হলো ভারতের সিকিম থেকে চীনের তিব্বতে যাওয়ার পাহাড়ী পথ। বর্তমানে এই নাথু লা পাস নিয়ে ভারত-চীনের মধ্যে দ্বন্দ্ব হচ্ছে।

3) মিয়ানমারের নির্বাসিত সরকারের নাম-

1) এনএলডি সরকার
✔ 2) ন্যাশনাল ইউনিটি সরকার
3) বার্মিজ গভর্নমেন্ট ইন এক্সাইল
4) অং সান সু চি সরকার

**ব্যাখ্যা :** ১ ফেব্রুয়ারি ২০২১ মিয়ানমারের সামরিক জান্তা ক্ষমতা দখল করে এবং অং সান সু চির এনএলডি সরকারকে ক্ষমতাচ্যুত করে। সামরিক সরকারের বিরুদ্ধে প্রতিরোধ আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ১৬ এপ্রিল ২০২১ বিরোধীদল ও গোষ্ঠীগুলোর সমন্বয়ে গঠিত হয় জাতীয় ঐক্য সরকার (ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট)। এর প্রধান করা হয় অং সান সু চি কে এবং প্রেসিডেন্ট করা হয় উইন মিন্ট কে।

Hello BCS

4) আধুনিক মেধাভিত্তিক সিভিল সার্ভিস এর উন্মেষ ঘটে কোন দেশ হতে?

1) যুক্তরাজ্য
2) যুক্তরাষ্ট্র
✔ 3) চীন
4) ভারত

**ব্যাখ্যা :** আধুনিক মেধাভিত্তিক সিভিল সার্ভিস এর উন্মেষ ঘটে প্রাচীন চীন সম্রাজ্যে। তাঁরাই প্রথম পরীক্ষার মাধ্যমে যোগ্য প্রার্থীকে বেছে নেয়ার পদ্ধতি চালু করে। সুই সাম্রাজ্য (৫৮১ থেকে ৬১৮) মেধার ভিত্তিতে আমলাদের নির্বাচিত করার পদ্ধতি চালু করে।

5) ইরান-ইরাক যুদ্ধবিরতির তদারকির কাজে নিয়োজিত জাতিসংঘের বাহিনী কোন নামে পরিচিত ছিল?

1) UNGOMAP
✔ 2) UNIIMOG
3) UNICEF
4) UNIMOG

**ব্যাখ্যা :** ১৯৮৮ সালে ইরাক-ইরান যুদ্ধ বন্ধে জাতিসংঘ United Nations Iran-Iraq Military Observer Group (UNIIMOG) প্রেরণ করে। এই শান্তিরক্ষী মিশনে বাংলাদেশ প্রথমবারের মতো ১৫ জন সদস্য প্রেরণ করে আনুষ্ঠানিকভাবে শান্তিরক্ষী মিশন কার্যক্রমে অংশগ্রহণ করে। [তথ্যসূত্রঃ দৈনিক পত্রিকা ]

6) কোন তারিখে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের উপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা পুনরায় আরোপ করে?

1) ১৫ জুলাই ২০২০
2) ২০ আগস্ট ২০২০
✔ 3) ১৮ অক্টোবর ২০২০
4) ১৯ সেপ্টেম্বর ২০২০

**ব্যাখ্যা :** আগস্ট ২০২০ ট্রাম্প প্রশাসন ইরানের উপরে অস্ত্র নিষেধাজ্ঞা বাড়ানোর চেষ্টা করে ব্যর্থ হয়। ২৫ আগস্ট, ২০২০ জাতিসংঘ নিরাপত্তা পরিষদ ইরানের উপর নিষেধাজ্ঞা আরোপের চেষ্টা আটকে দেয়। ২০ সেপ্টেম্বর ২০২০ আমেরিকা বলে যে জাতিসংঘের আরোপিত নিষেধাজ্ঞা পুনর্বহাল হয়েছে কিন্তু তা আন্তর্জাতিক সম্প্রদায় এবং ইরান প্রত্যাখান করে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের পারমাণবিক কর্মসূচী, মিশাইল এবং অস্ত্রের উপর নিষেধাজ্ঞা আরোপ করে। ৮ অক্টোবর ২০২০ আমেরিকা পুনরায় ইরানের ১৮টি ব্যাংকের উপর নিষেধাজ্ঞা আরোপ করে। যা ১৮ অক্টোবর থেকে কার্যকর বলে ধরে নেওয়া হয়।

7) সম্প্রতি (সেপ্টেম্বর ২০২০) কোন অঞ্চলের নিয়ন্ত্রণ নিয়ে আজারবাইজান ও আর্মেনিয়ার মাঝে সংঘর্ষ হয়?

1) আর্টসাথ প্রজাতন্ত্র
✔ 2) নাগার্নো-কারাবাখ
3) ইয়েরেভান
4) নাকার্চভান ছিটমহল

Hello BCS

**ব্যাখ্যা :** দক্ষিণ ককেশাসের বিতর্কিত অঞ্চল নাগার্নো-কারাবাখ। অঞ্চলটি নিয়ে প্রতিবেশী দুই দেশ আজারবাইজান ও আর্মেনিয়ার বিরোধ অনেক পুরোনো। নাগার্নো-কারাবাখ অঞ্চলটি আন্তর্জাতিকভাবে আজারবাইজানের স্বীকৃত হলেও ১৯৯০ সাল থেকে আর্মেনিয়ো বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী এটিকে দখল করে রাখে। সর্বশেষ ২০২০ সালের ২৭ সেপ্টেম্বর থেকে ছয় সপ্তাহের নাগার্নো-কারাবাখ যোগাযোগ রেখায় সংঘর্ষ শুরু হয় এবং সর্বাত্মক যুদ্ধে জড়িয়ে পড়ে দেশ দুটি। এরপর ৯ নভেম্বর ২০২০ রাশিয়ার মধ্যস্থতায় আজারবাইজান ও আর্মেনিয়ার মধ্যে স্বাক্ষরিত হয় শান্তিচুক্তি।

8) জিবুতি দেশটি কোথায় অবস্থিত?

✔ 1) এডেন উপসাগরের পাশে
2) প্রশান্ত মহাসাগরে
3) দক্ষিণ চীন সাগরে
4) দক্ষিণ আমেরিকায়

**ব্যাখ্যা :** এডেন উপসাগরের পশ্চিম উপকূলে অবস্থিত জিবুতি, সোমালিয়া, ইথিওপিয়া এবং ইরিত্রিয়া। এদেরকে হর্ন অফ আফ্রিকা বলা হয়। জিবুতিতে চীনের কৌশলগত গুরুত্বপূর্ণ নৌ-ঘাঁটি রয়েছে।

9) বিশ্ব মানবাধিকার দিবস-

1) ১১ ডিসেম্বর
✔ 2) ১০ ডিসেম্বর
3) ৮ ডিসেম্বর
4) ১৩ ডিসেম্বর

**ব্যাখ্যা :** ১৯৪৮ সালে ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের তৃতীয় অধিবেশনে সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র গৃহীত হয়। এতে মোট ৩০টি অনুচ্ছেদ রয়েছে। মানবাধিকার বিষয়ক প্রথম বৈশ্বিক সম্মেলন অনুষ্ঠিত হয় ১৯৬৮ সালে ইরানের তেহেরানে। প্রতি বছর ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার হিসেবে পালিত হয়ে আসছে।

10) বাংলাদেশ কোনটির সদস্য নয়?

1) BCIM-EC
✔ 2) OAS
3) OIC
4) BIMSTEC

**ব্যাখ্যা :** আমেরিকান অঞ্চলের জোট হলো Organization of American States (OAS). এর সদর দপ্তর হলো ওয়াশিংটন ডিসি। এর প্রতিষ্ঠাকাল ১৯৪৮ সাল। এর বর্তমান সদস্য সংখ্যা ৩৫টি।

11) নিম্নের কোনটি জাতিসংঘের সংস্থা নয়?

✔ 1) আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)
2) আঞ্চলিক শ্রম সংস্থা (ILO)

Hello BCS

3) আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)
4) খাদ্য ও কৃষি সংস্থা (FAO)

**ব্যাখ্যা :** জাতিসংঘের সহযোগী সংস্থা হলো আঞ্চলিক শ্রম সংস্থা (ILO), আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD), খাদ্য ও কৃষি সংস্থা (FAO)। অন্যদিকে দক্ষিণ এশীয় আঞ্চলিক সংস্থা আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)। এর সদস্য সংখ্যা ২৭টি।

12) চীনের জিনজিয়াং (Xinjiang) প্রদেশের মুসলিম গোষ্ঠীর নাম-

1) তাজিক
✔ 2) উইঘুর
3) কাজাখ
4) তুর্কমেন

**ব্যাখ্যা :** চীনের পশ্চিমাঞ্চলীয় শহর জিনজিয়াং এর প্রধান দুটি জাতি উইঘুর ও হান। উইঘুর জাতিগোষ্ঠী ইসলাম ধর্মাবলম্বী। সম্প্রতি উইঘুরদের নির্যাতনের জন্য চীন বিশ্বব্যাপী সমালোচিত হচ্ছে। উইঘুরদের জোরপূর্বক কমিউনিস্ট ভাবধারায় দীক্ষিতকরণ এবং কারাগারে কঠোর নির্যাতনসহ মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ উঠেছে চীনের বিরুদ্ধে।

13) আকাবা একটি-

✔ 1) সমুদ্র বন্দর
2) স্থল বন্দর
3) বিমান বন্দর
4) নদী বন্দর

**ব্যাখ্যা :** আকাবা হলো জর্ডানের একমাত্র সমুদ্র বন্দর।

14) জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্য কয়টি?

1) ২১
2) ১৫
✔ 3) ১৭
4) ১১

**ব্যাখ্যা :** ২০-২২ জুন ২০১২ রিও + ২০ সম্মেলনে টেকসই উন্নয়নের জন্য কৌশল নির্ধারণ করা হয়। এতে ১৭টি অভীষ্ট, ১৬৯টি সহযোগী লক্ষ্য এবং ২৪১টি সূচক নির্ধারিত হয়। SDG-এর মেয়াদকাল ২০১৬ থেকে ২০৩০ সাল পর্যন্ত।

15) ট্র্যান্সপারেন্সি ইন্টারন্যাশনাল- এর প্রধান কার্যালয় কোথায়?

1) ফ্রান্স
✔ 2) জার্মানি

Hello BCS

3) নেদারল্যান্ড
4) হাঙ্গেরি

**ব্যাখ্যা :** ১৯৯৩ সালে জার্মানির বার্লিনে প্রতিষ্ঠিত হয় ট্র্যান্সপারেন্সি ইন্টারন্যাশনাল। এর উদ্দেশ্য হলো বিশ্বব্যাপী দুর্নীতি বিরোধী প্রচারণা, দুর্নীতি হ্রাসে কার্যক্রম পরিচালনা ও তথ্য প্রদান। ডেলিয়া ফেরেইরা রবিও হচ্ছে এর বর্তমান চেয়ারম্যান।

16) United Nations Framework Convention on Climate Change-এর মূল আলোচ্য বিষয় –

1) বৈশ্বিক মরুকরণ প্রক্রিয়া এবং বনায়ন
✔ 2) গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ ও প্রশমন
3) সমুদ্রের উচ্চতা বৃদ্ধি
4) জীবাশ্ম জ্বালানীর ব্যবহার নিয়ন্ত্রণ

**ব্যাখ্যা :** ১৯৯২ সালের ৯ই মে গঠিত হয় United Nations Framework Convention on Climate Change (UNFCCC) যা ১৯৯৪ সালে কার্যকর হয়। বৈশ্বিক গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ হ্রাস ও প্রশমনের লক্ষ্যে UNFCCC প্রতিবছর Conference of the Parties (COP) সম্মেলন আয়োজন করে আসছে।

17) ভারতে বছরের কোন দিনটি সিভিল সার্ভিস দিবস (Civil Service Day) হিসেবে পালিত হয়?

✔ 1) ২১ এপ্রিল
2) ১০ মে
3) ২ অক্টোবর
4) ২৬ জানুয়ারি

**ব্যাখ্যা :** প্রতিবছর ২১শে এপ্রিল ভারতে সিভিল সার্ভিস দিবস পালন করা হয়। ১৯৪৭ সালে ভারতের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লভ ভাই প্যাটেল নবাগত প্রশাসনিক কর্মকর্তাদেরকে ভারতের মেরুদণ্ড হিসেবে উল্লেখ করেন।

২০০৬ সালের ২১ এপ্রিল দিল্লির বিজ্ঞান ভবনে প্রথম সিভিল সার্ভিস দিবস পালন করা হয়।

18) ব্যাডমিন্টন কোন দেশের জাতীয় খেলা?

1) চীন
✔ 2) ইন্দোনেশিয়া
3) মালে
4) ইংল্যান্ড

**ব্যাখ্যা :** চীনের জাতীয় খেলা→ টেবিল টেনিস, ইংল্যান্ডের জাতীয় খেলা→ ক্রিকেট, ইন্দোনেশিয়ার জাতীয় খেলা→ ব্যাডমিন্টন। মালয়েশিয়ার জাতীয় খেলা সেপাক টার্কো নামক একটি খেলা যা অনেকটা ব্যাডমিন্টনের মতো, তবে সে খেলাতে হাত ব্যবহার করা যায় না। [তথ্যসূত্রঃ দৈনিক সমকাল পত্রিকা ]

Hello BCS

19) কোন দেশটি সম্প্রতি ইসরাইলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেছে?

1) কুয়েত
2) সৌদিআরব
✔ 3) সংযুক্ত আরব আমিরাত
4) ওমান

**ব্যাখ্যা :** ১৫ সেপ্টেম্বর ২০২০ সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন এবং ইসরাইলের মধ্যে ঐতিহাসিক আব্রাহাম অ্যাকর্ডস স্বাক্ষরিত হয়। যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর মধ্যস্থতায় এ চুক্তি স্বাক্ষরিত হয়। এর দ্বারা তৃতীয় ও চতুর্থ আরব দেশ হিসেবে সংযুক্ত আরব আমিরাত ও বাহরাইন, ইসরাইলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে। সম্প্রতি মরক্কো এবং সুদানও ইসরাইলের সাথে সম্পর্ক স্বাভাবিক করার ঘোষণা দিয়েছে।

20) মার্কিন-তালেবান ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়-

1) ২৫ জানুয়ারি ২০২০
2) ২ মার্চ ২০২০
3) ৩০ এপ্রিল ২০২০
✔ 4) ২৯ ফেব্রুয়ারি ২০২০

**ব্যাখ্যা :** ২৯ ফেব্রুয়ারি, ২০২০ কাতারের রাজধানী দোহায় মার্কিন-তালেবান ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়। এর ফলে দীর্ঘ ১৯ বছর ধরে চলা যুদ্ধের অবসান ঘটবে বলে আশা করা যাচ্ছে। যদিও নতুন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন চুক্তিটি পর্যালোচনা করছেন।চুক্তিতে যুক্তরাষ্ট্রের পক্ষে স্বাক্ষর করেন জালমে খলিলজাদ এবং তালেবান দের পক্ষে স্বাক্ষর করে মোল্লা আব্দুল বেরাদার গনি। চুক্তি অনুযায়ী যুক্তরাষ্ট্র আফগানিস্তান থেকে তাদের বেশিরভাগ সেনা প্রত্যাহার করে নেবে। ২০০১ সালে সংঘাত শুরু হবার পর থেকে তালেবানের প্রধান দাবিগুলোর একটি ছিল এটি। দক্ষিণ এশিয়ার দেশটিতে এখন ১২,০০০ মার্কিন সেনা রয়েছে।

21) “D-8 Organization for Economic Cooperation” বা D-8 এর দশম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?

1) আবুজা
✔ 2) ঢাকা
3) ইস্তাম্বুল
4) তেহরান

**ব্যাখ্যা :** ডি-৮ (Developing Eight) মুসলিম উন্নয়নশীল দেশের অর্থনৈতিক জোট। উন্নয়নশীল ৮টি দেশ নিয়ে গঠিত আন্তর্জাতিক সংস্থা ডি-৮ (D-8 or Developing Eight) নামে পরিচিত।১০ম ডি-৮ সম্মেলন বাংলাদেশের আয়োজনে ঢাকাতে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। এর সদর দপ্তর ইস্তাম্বুল এবং সদস্য দেশ- বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, নাইজেরিয়া, ইরান, তুরস্ক, মিশর, ইন্দোনেশিয়া।

22) IUCN এর কাজ হলো বিশ্বব্যাপী-

1) সন্ত্রাস দমন করা

Hello BCS

2) পরিবেশ দূষণ রোধ করা
✔ 3) প্রাকৃতিক সম্পদ রক্ষা করা
4) পানি সম্পদ রক্ষা করা

**ব্যাখ্যা :** IUCN (International Union for Conservation of Nature and Natural Resources) হলো বিশ্বব্যাপী প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে বেসরকারি সংস্থা। এটি ১৯৪৮ সালে ফ্রান্সে গঠিত হয়। এই সংঘের প্রধান কার্যালয় সুইজারল্যান্ড রাষ্ট্রের গ্লান্ডের লেক জেনিভা অঞ্চলে।

23) কোনটি "Bretton Woods Institutions" এর অন্তর্ভুক্ত?

1) IDB
✔ 2) IMF
3) ADB
4) WTO

**ব্যাখ্যা :** ১৯৪৪ সালের জুলাই মাসে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যের ব্রিটনউডস শহরে সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে ৪৪টি দেশের ৭৩০ জন প্রতিনিধি অংশ নেয়। এ সম্মেলনে IMF, IBRD গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এজন্য IMF ও World Bank -কে 'Bretton Woods Institutions' বলা হয়।

24) আন্তর্জাতিক গণতন্ত্র দিবস কোন তারিখে পালিত হয়?

✔ 1) ১৫ সেপ্টেম্বর
2) ১৫ ডিসেম্বর
3) ১৫ অক্টোবর
4) ১৫ নভেম্বর

**ব্যাখ্যা :** ১৫ সেপ্টেম্বর → আন্তর্জাতিক গণতন্ত্র দিবস, ১৬ সেপ্টেম্বর → বিশ্ব ওজোনস্তর রক্ষা দিবস, ১৫ অক্টোবর → বিশ্ব সাদা ছড়ি দিবস।

25) চীন থেকে ক্রয়কৃত বাংলাদেশ নৌবাহিনীর ডুবোজাহাজ দুটি নিম্নোক্ত কোন শ্রেণির?

1) ডলফিন-ক্লাস
✔ 2) মিং-ক্লাস
3) শ্যাং-ক্লাস
4) কিলো-ক্লাস

Hello BCS

**ব্যাখ্যা :** ২০০৪ সালে বাংলাদেশ প্রথম সাবমেরিন ক্রয় করার জন্য জার্মানির সাথে চুক্তি করে। উদ্দেশ্য ছিলো সমুদ্র অর্থনীতির সুরক্ষা এবং নিজেদের সামুদ্রিক জলসীমায় প্রতিরক্ষা সক্ষমতা বাড়ানো। এজন্য জার্মানি থেকে সৈন্যদের প্রশিক্ষণ দেওয়া হয়। কিন্তু রাজনৈতিক পট পরিবর্তনের কারণে উক্ত পরিকল্পনা বাদ যায়। ২০১২ সালে নতুন করে চীনের কাছ থেকে ২টি মিং-ক্লাস সাবমেরিন ক্রয় করার চুক্তি করা হয়। এই চুক্তি অনুসারে ২০১৯ সালে বিএনএস জয়যাত্রা এবং বিএনএস নবযাত্রা নামে দুটি সাবমেরিন বাংলাদেশ নৌবাহিনীতে যুক্ত হয়। এর ঘাঁটি কক্সবাজারে অবস্থিত। ফোর্সেস গোল ২০৩০ অনুসারে আরো ৪টি অ্যাটাকিং ক্লাস সাবমেরিন ক্রয়ের চুক্তি করা হয়েছে। [তথ্যসূত্র-প্রথম আলো]

26) কোন চুক্তির মাধ্যমে ইউরোপের “Thirty years’ war” এর সমাপ্তি ঘটে?

1) লুজান চুক্তি, ১৯২৩
✔ 2) ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮
3) প্যারিস চুক্তি, ১৭৮৩
4) ভাসাই চুক্তি, ১৯১৯

**ব্যাখ্যা :** ত্রিশ বছরের যুদ্ধ (Thirty Years' War) প্রধানত জার্মানিতে সংঘটিত হয়েছিল যদিও বিভিন্ন সময়ে ইউরোপের প্রায় সকল দেশই এর সাথে কোন না কোনভাবে যুক্ত ছিল। পরে অস্ট্রিয়ার হাবসবার্গ পরিবারের নেতৃত্বে রোমান সাম্রাজ্যের সাথে ফ্রান্স ও তার মিত্রদের যুদ্ধ চলে ৩০ বছর। এই যুদ্ধ ১৬১৮ থেকে ১৬৪৮ সাল পর্যন্ত স্থায়ী হয়। ১৬৪৮ সালে এই যুদ্ধের আপাত সমাপ্তি ঘটে, যাকে ঐতিহাসিক Peace of Westphalia (ওয়েস্টফেলিয়ার শান্তি চুক্তি) বলে। জার্মান সরকার যুক্তরাষ্ট্রের তৎকালীন রাষ্ট্রপতি উড্রো উইলসনকে ১৯১৮ সালের অক্টোবরের মাসে একটি সাধারণ যুদ্ধবিরতির আহ্বান জানায়। এর প্রেক্ষাপটে উড্রো উইলসন তার বিখ্যাত চৌদ্দ দফা পেশ করেন যাকে সঠিক শান্তির একমাত্র উপায় হিসেবে আখ্যায়িত করা হয়। ১৯১৯ সালে প্যারিসে অনুষ্ঠিত প্যারিস শান্তি সম্মেলনে চুক্তির খসড়া করা হয় এবং ২৮ জুন তারিখেই এই চুক্তি অনুমোদিত হয়। প্রথম বিশ্বযুদ্ধের পরপর যুদ্ধের মিত্রশক্তি ও তৎসংশ্লিষ্ট শক্তিসমূহ এবং জার্মানির মধ্যে সম্পাদিত এই চুক্তি হল ভার্সাই চুক্তি। ব্রিটেন ও আমেরিকার মধ্যে ১৭৮৩ সালের ৩ সেপ্টেম্বর প্যারিস চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তি মূলত আমেরিকার স্বাধীনতার সাথে সম্পৃক্ত। কারণ এই চুক্তির মাধ্যমে ব্রিটেন আমেরিকার স্বাধীনতা মেনে নেয়। লুজান চুক্তি হল ১৯২৩ সালে স্বাক্ষরিত এমন একটি শান্তি চুক্তি যার মাধ্যমে নির্ধারিত হয়েছে বর্তমান তুরস্কের সীমানা।

27) কোথায় শেনজেন (Schengen) চুক্তি স্বাক্ষরিত হয়?

1) ১৯৮৪ সালে বেলজিয়ামে
2) ১৯৯৫ সালে ডেনমার্কে
✔ 3) ১৯৮৫ সালে লুক্সেমবার্গে
4) ১৯৯৬ সালে হাঙ্গেরিতে

**ব্যাখ্যা :** ১৯৮৫ সালে লুক্সেমবার্গের শেনজেন শহরে ইউরোপীয় ইউনিয়নে ভিসামুক্ত প্রবেশের জন্য একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এটি শেনজেন চুক্তি নামে পরিচিত। মোট স্বাক্ষরকারী দেশ ২৬টি। এটি কার্যকর হয় ১৯৯৫ সাল থেকে।

Hello BCS

28) গ্রীন হাউস গ্যাসসমূহ নিঃসরণ নিয়ন্ত্রণ সংক্রান্ত চুক্তি “The Kyoto Protocol” জাতিসংঘ কর্তৃক কত সালে গৃহীত হয়?

✔ 1) ১৯৯৭
2) ২০০৩
3) ১৯৯৯
4) ২০০৫

**ব্যাখ্যা :** জাপানের প্রাচীন রাজধানী কিয়াটোতে ১৯৯৭ সালের ১১ ডিসেম্বর অনুষ্ঠিত হয় কিয়াটো প্রটোকল। কিয়াটো প্রটোকল গ্রিন হাউজ গ্যাস নিঃসরণের ভিত্তিতে বিশ্বের দেশগুলোকে ৩ শ্রেণিতে ভাগ করা হয়। ● Annex-I, ● Annex-II এবং ● Non-Annex Countries. কিয়াটো প্রটোকল গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর জন্য বিশেষ করে Annex-I দেশগুলোর উপর বিশেষ বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে। এর বর্তমান সদস্য ১৯২টি। এ চুক্তি ২০০৫ খ্রিষ্টাব্দের ১৬ই ফেব্রুয়ারি প্রথম কার্যকরী হয়।

29) ‘The lady with the Lamp’ নামে পরিচিত-

1) সরোজিনী নাইডু
✔ 2) ফ্লোরেন্স নাইটিঙ্গেল
3) মাদার তেরেসা
4) হেলেন কেলার

**ব্যাখ্যা :** ১৮৫৩ থেকে ১৮৫৬ সাল পর্যন্ত ক্রিমিয়া যুদ্ধ সংঘটিত হয়। এর এক পক্ষ ছিলো রাশিয়া এবং অপর পক্ষে ছিলো অটোমান সাম্রাজ্য এবং ফ্রান্স ও ব্রিটেন এর সমন্বয়ে গঠিত মিত্র শক্তি। যুদ্ধে রাশিয়ান সাম্রাজ্য পরাজিত হয়। এই যুদ্ধে যোদ্ধাহত মিত্র শক্তির সৈন্যদের অসামান্য সেবা প্রদানের জন্য ফ্লোরেন্স নাইটিঙ্গেলকে ‘The Lady with the Lamp’ উপাধি প্রদান করা হয়।

30) World Development Report কোন সংস্থার বার্ষিক প্রকাশনা?

1) UNDP
✔ 2) World Bank
3) BRICS
4) IMF

**ব্যাখ্যা :** ১৯৭৮ সাল থেকে বিশ্বব্যাংক বা International Bank for Reconstruction and Development (IBRD) ‘World Development Report’ প্রকাশ করে। অর্থনীতি, সমাজব্যবস্থা ও জীবনমাত্রার মান এই রিপোর্টে স্থান পায়। অপরদিকে, মানব উন্নয়ন সূচক বা Human Development Index ঘোষণা করে UNDP এবং World Economic Outlook Purchasing Power Parity (PPP) বা ক্রয়ক্ষমতা সূচক প্রকাশ করে IMF.

31) WIPO এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

✔ 1) জেনেভা

Hello BCS

2) রোম
3) ওয়াশিংটন ডিসি
4) নিউইয়র্ক

**ব্যাখ্যা :** জাতিসংঘের মেধা সংরক্ষণ সংস্থা (WIPO), শরণার্থী সংস্থা (UNHCR), অভিবাসী সংস্থা (IOM), শ্রম সংস্থা (ILO), তার সংস্থা (ITU), বাণিজ্য সংস্থা (WTO), বাণিজ্য সম্প্রসারণ ও উন্নয়ন সংস্থা (UNCTAD), আবহাওয়া সংস্থা (WMO) ও মানবাধিকার পরিষদের(UNHRC) সদর দপ্তর-জেনেভায়। রোম-আন্তর্জাতিক কৃষি উন্নয়ন সংস্থা (IFAD), বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা (FAO), বিশ্ব খাদ্য সংস্থা (WFP)। নিউইয়র্ক-জাতিসংঘ উন্নয়ন প্রোগ্রাম (UNDP), জাতিসংঘ মহিলা সংস্থা (UN Women), নারীর প্রতি বৈষম্য বিলোপ সংস্থা (CEDAW), জাতিসংঘ নারী উন্নয়ন সংস্থা (UNIFEM), জাতিসংঘ শিশু সংস্থা (UNICEF), জাতিসংঘ জনসংখ্যা সংস্থা (UNFPA).

32) Trafalgar Square-এর অবস্থান –

1) ফ্রান্সে
✔ 2) ইংল্যান্ডে
3) রাশিয়ায়
4) চীনে

**ব্যাখ্যা :** Trafalgar Square লন্ডনের কেন্দ্রস্থলে অবস্থিত একটি স্কয়ার। এখানে রাজনৈতিক সভা সমিতি অনুষ্ঠিত হয়। ১৮০৫ সালে সংঘটিত ব্রিটিশ নৌবাহিনী ফ্রান্সের বিরুদ্ধে বিখ্যাত ট্রাফালগারের যুদ্ধে জয়কে স্মরণীয় করে রাখতে এ নামকরণ করা হয়।

33) কোন রাষ্ট্রটি বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরের জলসীমার দাবিদার নয়?

1) মালয়েশিয়া
2) ভিয়েতনাম
3) ফিলিপাইন
✔ 4) কম্বোডিয়া

**ব্যাখ্যা :** দক্ষিণ চীন সাগর বর্তমানে অন্যতম আলোচিত এবং বিরোধপূর্ণ এলাকা। দক্ষিণ সাগরের তীরবর্তী দেশসমূহ হলো : চীন, তাইওয়ান, ফিলিপাইন, ভিয়েতনাম, মালয়েশিয়া, ব্রুনেই, সিঙ্গাপুর ও ইন্দোনেশিয়া। চীনের সাথে দক্ষিণ চীন সাগরের সীমানা নিয়ে এসব দেশের মধ্যে বিরোধ চলছে।

34) Global Vaccine Summit অনুষ্ঠিত হয়-

1) ৮ আগস্ট ২০২০
✔ 2) ৪ জুন ২০২০
3) ৫ মে ২০২০
4) ৬ জুলাই ২০২০

Hello BCS

**ব্যাখ্যা :** Global Vaccine Summit (Gavi) বা Global Alliance for Vaccines and Immunisation ২০২০ সালের ৪ জুন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হয়। এতে ৩১ জন সরকার এবং ৮টি বেসরকারি সংস্থা, কর্পোরেশন এবং দাতব্য সংস্থা থেকে ৮.৮ বিলিয়ন ডলার সংগ্রহ করা হয় ৩০০ মিলিয়ন শিশুকে টিকা প্রদান এবং বৈশ্বিক করোনার বিরুদ্ধে লড়াইয়ের জন্য।এর সদরদপ্তর জেনেভা, সুইজারল্যান্ড এ অবস্থিত।

35) মায়া সভ্যতাটি আবিষ্কৃত হয়-

1) দক্ষিণ আমেরিকায়
2) মধ্য আফ্রিকায়
3) উত্তর আমেরিকায়
✔ 4) মধ্য আমেরিকায়

**ব্যাখ্যা :** খ্রিস্টপূর্ব ১০০০ অব্দে মধ্য আমেরিকার মেক্সিকো এবং গুয়েতমালা অঞ্চলে মায়া সভ্যতা গড়ে ওঠে। বিখ্যাত চিচেন ইৎজা মায়া সভ্যতার অন্যতম নিদর্শন। বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ এবং সাংস্কৃতিকভাবে গতিশীল ছিলো এই মায়া সভ্যতা।

36) কার্টাগেনা প্রটোকল কোন সালে স্বাক্ষরিত হয়?

✔ 1) ২০০০ সালে
2) ২০০৩ সালে
3) ২০০৫ সালে
4) ২০০১ সালে

**ব্যাখ্যা :** কার্টাগেনা প্রটোকল হলো জৈব নিরাপত্তা বিষয়ক প্রটোকল। এর উদ্দেশ্য হলো জৈব জ্বালানি সংরক্ষণ। এটি ২০০০ সালে কানাডার মন্ট্রিলে স্বাক্ষরিত হয় এবং ২০০৩ সাল থেকে কার্যকর হয়।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS

## ♣ উত্তরপত্র

৪৪-৪৫তম বিসিএস আন্তর্জাতিক বিষয়াবলি

**Total questions : 40 Total marks : 40**

---

1) World Economic Forum- এর বাৎসরিক অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়?

1) বার্ন
2) জুরিখ
✔ 3) দাভোস
4) প্যারিস

**ব্যাখ্যা :** - World Economic Forum (WEF) ১৯৭১ সালের জানুয়ারিতে প্রতিষ্ঠিত হয়। এটির প্রতিষ্ঠাতা ও বর্তমান নির্বাহী চেয়ারম্যান জার্মান অধ্যাপক ক্লাউস সোয়েব।
- শুরুতে এটির নাম ছিলো European Management Forum যা ১৯৮৭ সালে World Economic Forum নামধারণ করে।
- WEF প্রতিবছর জানুয়ারিতে **সুইজারল্যান্ডের দাভোস** বিশ্বের সরকারি ও বেসরকারি অংশীদারদের মধ্যে সংলাপের আয়োজন করে থাকে।
- এটির প্রধান কার্যালয় জেনেভায় অবস্থিত।
- WEF ২০১৫ সালে সরকারি-বেসরকারি সহযোগিতা বিষয়ক আন্তর্জাতিক সংস্থা হিসেবে স্বীকৃতি লাভ করে।
- ২০২১ সালে সংস্থাটির প্রতিষ্ঠার সুবর্ণজয়ন্তী বা ৫০ বছর পালিত হচ্ছে।

তথ্যসূত্র :- WEF ওয়েবসাইট।

2) চীন-ভারত যুদ্ধ কত সালে সংঘটিত হয়?

1) ১৯৫৯ সালে
2) ১৯৬০ সালে
✔ 3) ১৯৬২ সালে
4) ১৯৬৩ সালে

**ব্যাখ্যা :** চীন–ভারত যুদ্ধ (Sino-Indian War) :
যুদ্ধের স্থায়িত্ব : ২০ অক্টোবর, ১৯৬২ - ২০ নভেম্বর, ১৯৬২)
যুদ্ধের স্থান : Aksai Chin যা চীন ও ভারতের সীমান্তে অবস্থিত।

- ১৯৬২ সালে এই যুদ্ধ সমাপ্ত হলেও Aksai Chin নিয়ে এখনো দুই দেশের সীমান্তে উত্তেজনা শুরু হয়।
- গত ১৫ জুন ২০২০ ভারতের লাদাখ অঞ্চলের দুর্গম পাবর্ত্য গালওয়ান ভ্যালীতে ভারত ও চীনের সেনাদের মধ্যে সংঘর্ষে অন্তত ২০ জন ভারতীয় সেনা নিহত হয়।
- ১৯৭৫ সালের পর এই প্রথম ভারত-চীন সীমান্তে নিহতের ঘটনা ঘটে

Hello BCS

3) কোথায় ঐতিহাসিক ট্রয় নগরী অবস্থিত?

1) ইটালি
2) গ্রিস
✔ 3) তুরস্ক
4) ফ্রান্স

**ব্যাখ্যা :** - হোমারের মহাকাব্যে বর্ণিত ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী বর্তমান তুরস্কের উত্তর-পশ্চিমাঞ্চলের হেসারলিক নামক স্থানে অবস্থিত।
- উনিশ শতকের দ্বিতীয়ার্ধে ব্রিটিশ প্রত্নতাত্ত্বিক ফ্র্যাঙ্ক কালভার্ট এবং জার্মান প্রত্নতাত্ত্বিক হেনরিক শ্লিম্যানের প্রচেষ্টায় ট্রয় নগরীর সন্ধান লাভ করা সম্ভব হয়।
- মহাকাব্য অনুসারে, গ্রিক ও ট্রোজানদের মধ্যে যুদ্ধ হয়। পরবর্তীতে গ্রিকদের দ্বারা ট্রয় নগরী ধ্বংসপ্রাপ্ত হয়।
- ১৯৯৮ সালে এটি ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যের তালিকায় স্থান পেয়েছে।

সূত্র : ন্যাশনাল জিওগ্রাফিক ও ইউনেস্কোর ওয়েবসাইট।

4) কোন দেশে সমুদ্র বন্দর নেই?

1) মালদ্বীপ
✔ 2) নেপাল
3) গ্রিস
4) ভেনেজুয়েলা

**ব্যাখ্যা :** সমুদ্র বন্দরহীন দেশ :
- যেসব দেশের সাথে সমুদ্র সীমা নেই সেসব দেশকে স্থল বেষ্টিত দেশ (Landlocked country) বলে।
এশিয়ার কয়েকটি স্থল বেষ্টিত দেশ হচ্ছে :
- আফগানিস্তান,
- আর্মেনিয়া,
- আজারবাইজান,
- ভুটান,
- তুর্কমেনিস্তান,
- কাজাখস্তান,
- কিরগিজস্তান,
- লাওস,
- মঙ্গোলিয়া,
- নেপাল,
- তাজিকিস্তান এবং
- উজবেকিস্তান।

Hello BCS

5) পৃথিবীর গভীরতম স্থান

✔ 1) ম্যারিয়ানা ট্রেঞ্চ
2) ডেড সী
3) বৈকাল হ্রদ
4) লোহিত সাগর

**ব্যাখ্যা :** মারিয়ানা খাত পৃথিবীর মধ্যে গভীরতম সমুদ্র খাত।
• গভীর সমুদ্রখাত (Oceanic Trench) :
- মহাসাগরের তলদেশে বিভিন্ন স্থানে গভীর খাত থাকে। এইগুলিকে গভীর সমুদ্রখাত বলে।
- গভীর সমুদ্র খাতগুলো সাধারণত আগ্নেয়গিরি, ভূমিকম্পপ্রবণ অঞ্চলে অধিক দেখতে পাওয়া যায়।
- গভীর সমুদ্রখাতের গড় গভীরতা সমুদ্র পৃষ্ঠ হতে ৫,৪০০ মিটারের অধিক।
- সমুদ্রতলে মোট সাতান্নটি গভীর সমুদ্রখাত রয়েছে।
- প্রশান্ত মহাসাগরেই গভীর সমুদ্রখাতের সংখ্যা অধিক।
- নিউগিনির উত্তর দিকে অবস্থিত প্রশান্ত মহাসাগরের মারিয়ানা খাত পৃথিবীর মধ্যে গভীরতম সমুদ্র খাত এর গড় গভীরতা প্রায় ১০,৮৭০ মিটার।
- আটলান্টিক মহাসাগরের পোর্টোরিকো খাত (৮,৫৩৮ মিটার) উল্লেখযোগ্য।

তথ্যসূত্র : ভূগোল ও পরিবেশ, নবম-দশম শ্রেণি, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

6) প্রথাগতভাবে বছরেরকোন দিন জাতিসংঘ সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হয়?

✔ 1) সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার
2) আগস্ট মাসের শেষ সোমবার
3) অক্টোবর মাসের প্রথম সোমবার
4) অক্টোবর মাসের প্রথম মঙ্গলবার

**ব্যাখ্যা :** জাতিসংঘ সাধারণ পরিষদ জাতিসংঘের প্রধান ৬টি শাখার মধ্যে অন্যতম। প্রতি বছর সেপ্টেম্বর মাসের ৩য় মঙ্গলবার সাধারণ পরিষদের অধিবেশন বসে। সাধারণ পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় ১০ জানুয়ারি, ১৯৪৬ সালে লন্ডনের ওয়েস্ট মিনিস্টার হলে। [তথ্যসূত্রঃ un.org]

7) নিচের কোন দেশটি ASEAN জোটভুক্ত নয়?

1) ভিয়েতনাম
✔ 2) হংকং
3) কম্বোডিয়া
4) লাওস

**ব্যাখ্যা :** দক্ষিণ-পূর্ব এশীয় জাতি সংস্থা (Association of Southeast Asian Nations) দক্ষিণ-পূর্ব এশিয়ার দশটি রাষ্ট্র নিয়ে গঠিত একটি রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্থা, যা ১৯৬৭ সালের ৮ আগস্ট ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, সিঙ্গাপুর ও থাইল্যান্ড দ্বারা প্রতিষ্ঠিত হয়। তারপর থেকে, ব্রুনেই,

Hello BCS

কম্বোডিয়া, লাওস, মিয়ানমার, এবং ভিয়েতনাম সদস্যপদ লাভ করে। সদরদপ্তরঃ জাকার্তা, ইন্দোনেশিয়া। [তথ্যসূত্রঃ Imf.org ]

8) যুক্তরাষ্ট্রের ৪৫ তম প্রেসিডেন্ট কে ছিলেন?

1) রিচার্ড নিক্সন
2) বিল ক্লিনটন
3) কেনেডি
✔ 4) ডোনাল্ড ট্রাম্প

**ব্যাখ্যা :** - ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের ৪৫ তম প্রেসিডেন্ট।
- তিনি ২০১৭ সালের ২০ জানুয়ারি শপথ নেন।
- যুক্তরাষ্ট্রে কংগ্রেসের নিম্ন-কক্ষ হাউজ অফ রিপ্রেজেন্টেটিভে অভিশংসিত হয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- যুক্তরাষ্ট্রের ইতিহাসে তৃতীয় প্রেসিডেন্ট হিসেবে প্রতিনিধি পরিষদে অভিশংসিত হলেন ডোনাল্ড ট্রাম্প।
- এর আগে আরো যে দুজন মার্কিন প্রেসিডেন্ট অভিশংসিত হয়েছেন তারা হচ্ছেন অ্যান্ড্রু জনসন এবং বিল ক্লিনটন।

সূত্র : বিবিসি এবং প্রথম আলো।

9) নিচের কোন দেশটি ডি-৮ এর সদস্য নয়?

✔ 1) জর্দান
2) মালয়েশিয়া
3) ইরান
4) মিশর

**ব্যাখ্যা :** D - ৮ ভুক্ত দেশ ৮ টি । তুরস্ক , ইরান, পাকিস্তান, মিশর, ইন্দোনেশিয়া, বাংলাদেশ, মালয়েশিয়া ও নাইজেরিয়া। জর্দান D-8 এর অন্তর্ভুক্ত নয়। D-8 প্রতিষ্টিত হয় ১৯৯৭ সালে, এর সদর দপ্তর ইস্তাম্বুল তুরস্ক। [source-devloping8.org]

10) ফেসবুকের সদর দফতর

1) সিয়াটল
✔ 2) ক্যালিফোর্নিয়া
3) ওয়াশিংটন
4) নিউইয়র্ক

**ব্যাখ্যা :** - ফেসবুক একটি আমেরিকান অনলাইন সামাজিক নেটওয়ার্ক প্রতিষ্ঠান।
- ফেসবুক ২০০৪ সালে প্রতিষ্ঠিত হয়।
- ফেসবুকের সদর দপ্তর মেনলো পার্ক, ক্যালিফোর্নিয়ায় অবস্থিত।
- ফেসবুকের প্রতিষ্ঠাতা হলেন মার্ক জাকারবার্গ।

Hello BCS

11) ইসলাম ও সুফিমতের প্রভাবে ভারতবর্ষে ঘটেছিল—

1) অভিবাসন বিপ্লব
2) রাষ্ট্রবিপ্লব
✔ 3) চিন্তাবিপ্লব
4) বর্ণবাদের পুনরুত্থান

**ব্যাখ্যা :** ইসলাম ও সুফিমতের প্রভাবে ভারতবর্ষে চিন্তাবিপ্লব ঘটেছিল।

12) তিব্বত একটি-

✔ 1) উপত্যকা
2) উপদ্বীপ
3) দ্বীপ
4) মরুভূমি

**ব্যাখ্যা :** - তিব্বত একটি - উপত্যকা।
- হিমালয়ের সমগ্র পরিসর জুড়ে, অসংখ্য উপত্যকা এবং গিরিখাত রয়েছে।
- বিশ্বের দীর্ঘতম এবং সবচেয়ে সুন্দর পর্বতশ্রেণী, এই উপত্যকাগুলি শুধুমাত্র পাহাড়ের তীব্র সৌন্দর্যকে বাড়িয়ে তোলে এবং পাহাড়ের তুষারময় প্রান্তরকে উপত্যকার সবুজ সবুজ ল্যান্ডস্কেপের সাথে বৈসাদৃশ্য করে ভ্রমণকারীদের অভিজ্ঞতা বাড়িয়ে তোলে।

13) ক্ষুদ্রতম মহাদেশঃ

✔ 1) অস্ট্রেলিয়া
2) ইউরোপ
3) আফ্রিকা
4) দক্ষিণ আমেরিকা

**ব্যাখ্যা :** Word Atlas এর তথ্য অনুসারে বিভিন্ন মহাদেশের আয়তন -
১. এশিয়া - ৪৪,৫৭৯,০০০ বর্গকিলোমিটার ;
২. আফ্রিকা - ৩০,৩৭০,০০০ বর্গকিলোমিটার ;
৩. উত্তর আমেরিকা - ২৪,৭০৯,০০০ বর্গকিলোমিটার ;
৪. দক্ষিণ আমেরিকা - ১৭,৮৪০,০০০ বর্গকিলোমিটার ;
৫. এন্টার্কটিকা - ১৪,২০০,০০০ বর্গকিলোমিটার ;
৬. ইউরোপ - ১০,১৮০,০০০ বর্গকিলোমিটার ;
৭. অস্ট্রেলিয়া - ৮,৫২৫,৯৮৯ বর্গকিলোমিটার ;
অস্ট্রেলিয়া মহাদেশকে ওশেনিয়া মহাদেশও বলা হয়।

14) ভারত কর্তৃক সিকিম সংযুক্ত হয়

1) ১৯৭০ সালে

Hello BCS

2) ১৯৭২ সালে
✔ 3) ১৯৭৫ সালে
4) ১৯৭৭ সালে

**ব্যাখ্যা :** ভারত কর্তৃক সিকিম সংযুক্ত হয় - ১৯৭৫ সালে। সিকিম পরিচিতি :
- পৃথিবীর তৃতীয় উচ্চতম পর্বতশৃঙ্গ কাঞ্চনজঙ্ঘার পাদদেশে অবস্থিত ভারতের দ্বিতীয় ক্ষুদ্রতম রাজ্য সিকিম সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় ১৬ হাজার ফুট উঁচুতে অবস্থিত।
- মাত্র ৭,০৯৬ বর্গ কিলোমিটারের ছোট্ট দেশটি প্রাকৃতিক সৌন্দর্যের এক অপার লীলাভূমি।

- সিকিমে ১৯৭৩ সালে অনুষ্ঠিত নির্বাচনের ফলাফলে অসন্তুষ্ট হয়ে ভোট কারচুপির অভিযোগ আনে লেন্দুপের নেতৃত্বাধীন সিকিম ন্যাশনাল কংগ্রেস।
- দেশব্যাপী তীব্র আন্দোলন শুরু হয়। যা একসময় মোড় নেয় রাজতন্ত্রের পতন আন্দোলনে।
- ১৯৭৪ সালের নির্বাচনে লেন্দুপ দর্জি অস্বাভাবিক ব্যবধানে বিজয় লাভ করে। ৩২টি আসনের মধ্যে ৩১টি আসনেই তার দল জয়ী হয়েছিল। এতে সিকিমের প্রধানমন্ত্রী হন লেন্দুপ দর্জি। আর চোগিয়াল সাংবিধানিক প্রধান হিসেবে রয়ে যান।
- ১৯৭৫ সালের ২৭ মার্চ লেন্দুপ দর্জি কেবিনেট মিটিংয়ে রাজতন্ত্র বিলোপের প্রশ্নে একটি সাজানো গণভোটের আয়োজন করেন। যার ফলাফলস্বরূপ অবসান ঘটে চোগিয়াল পদের।
- ২৬ এপ্রিল ১৯৭৫ ভারতের ২২তম রাজ্য হিসেবে স্বীকৃতি পায় সিকিম।

15) ভিক্টোরিয়া ডিজার্ট' কোথায় অবস্থিত?

1) কানাডা
2) পশ্চিম আফ্রিকা
3) নর্থ আমেরিকা
✔ 4) অস্ট্রেলিয়া

**ব্যাখ্যা :** ভিক্টোরিয়া মরুভূমি :
ভিক্টোরিয়া মরুভূমি অস্ট্রেলিয়া অবস্থিত।
এছাড়াও -
কয়েকটি মরুভূমি ও এদের অবস্থান :
- পাতাগোনিয়া মরুভূমি : চিলি, আর্জেন্টিনা
- থর মরুভূমি : ভারত ও পাকিস্তান
- গোবি মরুভূমি : চীন ও মঙ্গোলিয়া
- মোজাবে মরুভূমি : যুক্তরাষ্ট্র
- সাহারা মরুভূমি : আফ্রিক।
- আতাকামা মরুভূমি : চিলি
- কালাহারি মরুভূমি : নামিবিয়া ও দক্ষিণ আফ্রিকা
- গ্রেট ভিক্টোরিয়া মরুভূমি : অস্ট্রেলিয়া।

তথ্যসূত্র : ব্রিটানিকা।

Hello BCS

16) রাশিয়া ও জাপানের মধ্যকার বিরোধপূর্ণ দ্বীপ-

1) সিনাই উপদ্বীপ
2) পেরিজিল দ্বীপ
✔ 3) কুড়িল দ্বীপপুঞ্জ
4) সেনকাকু দ্বীপ

**ব্যাখ্যা :**

- রাশিয়া ও জাপানের মধ্যে বিরোধপূর্ণ দ্বীপ কুড়িল দ্বীপপুঞ্জ ও শাখালিন দ্বীপপুঞ্জ।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়া কুড়িল দ্বীপপুঞ্জ দখল করে নেয়।
- চীন ও জাপানের মধ্যে বিরোধপূর্ণ দ্বীপ সেনকাকু।
- সিনাই উপদ্বীপ একটি মরুভূমি অঞ্চল। ১৯৫৬ সালে ইসরাইল দখল করেছিল।
- পেরেজিল বা লাইলা দ্বীপ নিয়ে বিরোধ রয়েছে স্পেন ও মরক্কোর মধ্যে।

উৎসঃ ওয়ার্ল্ড এটলাস।

17) কখন এবং কোথায় International Union for Conservation of Nature (IUCN) প্রতিষ্ঠিত হয়?

✔ 1) ১৯৪৮, ফ্রান্স
2) ১৯৫২, লন্ডন
3) ১৯৪৯, সুইজারল্যান্ড
4) ১৯৬১, রোম

**ব্যাখ্যা :** আন্তর্জাতিক প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ সংঘ (আইইউসিএন)(ইংরেজি : International Union for Conservation of Nature and Natural Resources (IUCN) প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের উদ্দেশ্যে স্থাপিত একটি সংঘ। ১৯৪৮ সালে ফ্রান্সে প্রতিষ্ঠিত এই সংঘের প্রধান কার্যালয় সুইজারল্যান্ড রাষ্ট্রের গ্লান্ডের লেক জেনিভা অঞ্চলে। ৮৩টি রাষ্ট্র, ১০৮টি সরকারি সংস্থা, ৭৬৬টি নন-গভর্নমেন্ট অর্গানাইজেশন ও বিশ্বের বিভিন্ন দেশের প্রায় ১০,০০০ বিশেষজ্ঞ ও বৈজ্ঞানিকদের নিয়ে এই সংঘ গঠিত। [source- Iucn.org]

18) 'তাসখন্দ চুক্তি' কোন দুটি রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়?

1) পাকিস্তান ও আফগানিস্তান
2) ভারত ও আফগানিস্তান
✔ 3) পাকিস্তান ও ভারত
4) আফগানিস্তান ও সোভিয়েত ইউনিয়ন

**ব্যাখ্যা :** - ১৯৬৬ সালের ১০ জানুয়ারি ঐতিহাসিক তাসখন্দ চুক্তি স্বাক্ষরিত হয়।
- এর মধ্য দিয়ে কাশ্মীরকে কেন্দ্র করে চিরবৈরী ভারত ও পাকিস্তানের মধ্যকার ১৯৬৫ সালের রক্তক্ষয়ী যুদ্ধের আপাত অবসান ঘটে।

Hello BCS

- সাবেক সোভিয়েত ইউনিয়নের অন্তর্গত উজবেকিস্তানের তাসখন্দে এই চুক্তি সম্পন্ন হয় বিধায় ইতিহাসে এটি তাসখন্দ চুক্তি নামেই বহুল পরিচিত।
- তৎকালীন সোভিয়েত প্রধানমন্ত্রী এ্যালেক্সি কোসিজিনের মধ্যস্থতায় ভারতীয় প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রী ও পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান দুই দেশের পক্ষে চুক্তিটিতে স্বাক্ষর করেন।

তথ্যসূত্র :- ব্রিটানিকা।

19) ফিফা বিশ্বকাপ ফুটবল কখন প্রথম অনুষ্ঠিত হয়?

1) ১৯২৯ সালে
✔ 2) ১৯৩০ সালে
3) ১৯৩১ সালে
4) ১৯৩২ সালে

**ব্যাখ্যা :** ফিফার উদ্যোগে প্রথম বিশ্বকাপ অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে।
• FIFA:
- FIFA এর পূর্ণরুপ- (Federation of International Football Association)
- প্রতিষ্ঠা লাভ করে-২১ মে, ১৯০৪ সালে।
- প্রতিষ্ঠাকালীন সদস্য দেশ- ৭টি।
- ফিফার বর্তমান সদস্য ২১১টি।
- বর্তমান প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো।
- সেক্রেটারি জেনারেল ফাতমা সাম্বা দিয়াউফ।
- বাংলাদেশ ১৯৭৬ সালে ফিফা সদস্যপদ লাভ করে।
- ফিফার উদ্যোগে প্রথম বিশ্বকাপ অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে।
- ২২তম ফিফা ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হয়-২০২২ সালের ২১ নভেম্বর – ১৮ ডিসেম্বর কাতারে।

20) গণতন্ত্রের ধারণা উৎসারিত হয় প্রথম কোন দেশে?

1) প্রাচীন ভারত
✔ 2) প্রাচীন গ্রীস
3) প্রাচীন রোম
4) যুক্তরাষ্ট্র

**ব্যাখ্যা :** বাংলা 'গণতন্ত্র পরিভাষাটি ইংরেজি 'Democracy থেকে এসেছে। শব্দটির উৎপত্তি গ্রিক শব্দ Demokratia থেকে। Demokratia শব্দটির উৎপত্তি Demos ও Kritos থেকে। গ্রিক শব্দ Demos অর্থ হলো জনগণ আর Kritos অর্থ শাসনক্ষমতা বা কর্তৃত্ব।সুতরাং ব্যুৎপত্তিগত অর্থে গণতন্ত্র হলো জনগণের শাসন। অর্থাৎ সরকার বা শাসনব্যবস্থা যখন সংখ্যাগরিষ্ঠের মতামত নিয়ে পরিচালিত হয়, তখন তাকে গণতন্ত্র বা গণতান্ত্রিক শাসনব্যবস্থা বলা হয়। প্রথম গণতন্ত্রের সূচনা হয় গ্রিসের নগররাষ্ট্র এথেন্সে। খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে সলোন (Solon) গণতান্ত্রিক ব্যবস্থার ভিত্তি স্থাপন করেন। এ জন্য তাঁকে আখ্যায়িত করা হয় 'গণতন্ত্রের জনক'। আর যুক্তরাজ্যে সংসদীয় বা আধুনিক গণতন্ত্রের যাত্রা শুরু হয় ১৫ জুন ১২১৫ ম্যাগনাকার্টা (Magna Carta) চুক্তির মাধ্যমে। [তথ্যসূত্রঃ সভ্যতার ইতিহাস,ড.শাহাজাহান ]

Hello BCS

21) কোন দেশ থেকে 'আরব বসন্ত-এর সূচনা হয়?

1) লিবিয়া
✔ 2) তিউনিসিয়া
3) মিশর
4) সিরিয়া

**ব্যাখ্যা :** ২০১০ সাল থেকে আরবের বিভিন্ন দেশে গণতন্ত্রপন্থীদের যে গণজাগরণের সৃষ্টি হয়েছিল তাকে আরব বসন্ত বলে। আরব বসন্তের সূতিকাগার বা উৎপত্তিস্থল হচ্ছে তিউনিসিয়া। তিউনিসিয়ায় নিজের গায়ে আগুন লাগিয়েছিলেন রাস্তার এক দোকানি মোহাম্মদ বুয়াজিজি। দেয়ালে পিঠ ঠেকে যাওয়া ওই ব্যক্তির সেই পদক্ষেপ থেকে জন্ম নিয়েছিল আরব বসন্ত আন্দোলন। ২০১১ সাল নাগাত মধ্যপ্রাচ্যে সংঘাত ও দ্বন্দ্ব সর্বত্রই বিস্তার লাভ করে। মধ্যপ্রাচ্যের দেশগুলোতে ছড়িয়ে পড়া এসব আন্দোলন ও বিক্ষোভকে 'আরব বসন্ত' বলে প্রচার করে পশ্চিমা মিডিয়াগুলো। [তথ্যসূত্রঃ আল জাজিরা]

22) কোন সালে রাশিয়া ক্রিমিয়া দখল করে?

1) ২০১২
2) ২০১০
✔ 3) ২০১৪
4) ২০১৬

**ব্যাখ্যা :** - ১৬ মার্চ, ২০১৪ সালে ইউক্রেনের স্বায়ত্তশাসিত অঞ্চল কৃষ্ণ সাগরের উত্তর উপকূলের ছোট দ্বীপ ক্রিমিয়ায় অনুষ্ঠিত এক গণভোটে ক্রিমিয়ার জনগণ রাশিয়ার সাথে একীভূত হওয়ার পক্ষে রায় দেন।

- ১৭ মার্চ, ২০১৪ সালে ক্রিমিয়ার পার্লামেন্ট নিজেদের স্বাধীন রাষ্ট্র হিসেবে ঘোষণা করে।

- ১৮ মার্চ, ২০১৪ সালে ক্রিমিয়া দখল করে নেয় রাশিয়া।

- ২১ মার্চ, ২০১৪ সালে সকল আইনি প্রক্রিয়া শেষে ইতিহাসের সবচেয়ে স্বল্পায়ু রাষ্ট্র ক্রিমিয়া রাশিয়ার অন্তর্ভুক্ত হয়।

- ২৩ জুন, ১৯১৭ সালে ইউক্রেন গণপ্রজাতন্ত্রের ঘোষণা দেয়।

- ১৯১৮ সালে ইউক্রেনে বলশেভিক সাম্যবাদী সরকার প্রতিষ্ঠিত হয়।
- ১৯২২ সালে সোভিয়েত ইউনিয়নের প্রতিষ্ঠাতা চার সদস্যের অন্যতম প্রজাতন্ত্র হিসেবে ইউক্রেন আত্মপ্রকাশ করে।

- ২৪ আগস্ট, ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন থেকে ইউক্রেন স্বাধীনতা লাভ করে।

তথ্যসূত্র :- হিস্টোরি ডটকম এবং বিবিসি ওয়ার্ল্ড।

Hello BCS

23) কোন দুটি আরব রাষ্ট্র ক্যাম্প ডেভিড (Camp David) চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরাইলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপণ হয়?

✔ 1) জর্ডান ও মিশর
2) লিবিয়া ও ওমান
3) কুয়েত ও বাহরাইন
4) তিউনিসিয়া ও আলজিয়া

**ব্যাখ্যা :** ক্যাম্প ডেভিড চুক্তি, মিশরের প্রেসিডেন্ট আনোয়ার আল সাদাত ও ইসরায়েলের প্রধানমন্ত্রী Menachem দ্বারা ১৭ সেপ্টেম্বর ১৯৭৮ সালে ক্যাম্প ডেভিডে প্রায় ১২ দিনের গোপন আলোচনার মাধ্যমে স্বাক্ষরিত হয়। চুক্তিটি স্বাক্ষরিত হয় হোয়াইট হাউসে এবং এতে মধ্যস্থতা করেন মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টার। এই চুক্তির জন্যে সাদাত ও Menachem ১৯৭৮ সালে যৌথ ভাবে নোবেল শান্তি পুরষ্কার লাভ করেন।জর্ডান ও মিশর এ চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরাইলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপণ করে। [ততথ্যসূত্রঃ বিবিসি]

24) জাতিসংঘের দুর্নীতিবিরোধী কনভেনশনের নাম-

1) CEDAW
2) UNCTAD
✔ 3) UNCAC
4) UNCLOS

**ব্যাখ্যা :** জাতিসংঘের দুর্নীতিবিরোধী কনভেনশনের নাম UNCAC (ইউএনসিএসি) যা UN Convention Against Corruption (UNCAC).এর প্রস্তাবনা হয় ২০০৩ সালে এবং এটি গঠিত হয় ২০০৫ সালে। [তথ্যসূত্রঃ un.org]

25) নেকড়েযোদ্ধা কূটনীতি কোন দেশের সাথে সংশ্লিষ্ট?

1) রাশিয়া
2) ভিয়েতনাম
✔ 3) চীন
4) উত্তর কোরিয়া

**ব্যাখ্যা :** চীনের নেকড়ে যোদ্ধা কূটনীতি প্রথম শুরু করেন দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং। দেশটির পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই-এর ভাষায়, শি।জিনপিংয়ের মহান কূটনৈতিক দর্শন থেকে আমরা এই পরিভাষাটি বেছে নিয়েছি।নতুন বিদেশি নিষেধাজ্ঞার মোকাবিলায় এই কূটনীতি শুরু করেছে চীন। মার্কিন চাপে জিৎ দেশগুলো যাতে নতুন নিষেধাজ্ঞা আরোপ করতে না পারে, তা নিশ্চিত করতেই নতুন পথ বেছে নিয়েছে বিশ্বের দ্বিতীয় শীর্ষ অর্থনীতি। মূলত র‍্যাম্বো স্টাইলের চীনা চলচ্চিত্র উলফ ওরিয়র-২ থেকে এই পরিভাষাটি ধার করা হয়েছে। এ ধরনের কূটনীতিকে সংঘাতমূলক ও আগ্রাসী হিসেবে বিবেচনা করা হচ্ছে। [তথ্যসূত্রঃ বিবিসি]

26) ২০২২ সালে G-20 শীর্ষবৈঠক কোথায় অনুষ্ঠিত হয়?

1) সিংগাপুর

Hello BCS

2) জাকার্তা
3) ম্যানিলা
✔ 4) বালি

**ব্যাখ্যা :** G-20:
• ১৫-১৬ নভেম্বর ২০২২ সালে ইন্দোনেশিয়ার বালিতে G20 রাষ্ট্র বা সরকার প্রধান পর্যায়ের ১৭ তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়।
• ৯-১০ সেপ্টেম্বর ২০২৩ সালে ভারতের নয়া দিল্লীতে G20 রাষ্ট্র বা সরকার প্রধান পর্যায়ের ১৮ তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে।
• এই সম্মেলনে বাংলাদেশকে অতিথি হিসেবে আমন্ত্রন জানানো হবে।
• Group - 20 কে সংক্ষেপে G-20 বলা হয়। সব মহাদেশের উন্নত ও উন্নয়নশীল ২০টি দেশের অর্থনৈতিক সহযোগীতা ও বৈশ্বিক অর্থনীতি সম্পর্কিত আলোচনার জন্য জি-২০ হচ্ছে সর্বোচ্চ ফোরাম।
• প্রতিষ্ঠাকাল :- ২৬ সেপ্টেম্বর, ১৯৯৯ সাল।
• প্রতিষ্ঠার স্থান :- বার্লিন, জার্মানি।
• সদস্য সংখ্যা :- ২০টি (১৯টি দেশ ও ইউরোপীয় ইউনিয়ন)।

তথ্যসূত্র :- G20 ওয়েবসাইট।

27) কোথায় ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক অবস্থিত?

1) লন্ডন
2) প্যারিস
3) ব্রাসেলস
✔ 4) ফ্রঙ্কফুর্ট

**ব্যাখ্যা :** - ইউরোপীয় ইউনিয়নের কেন্দ্রীয় ব্যাংকের সদরদপ্তর জার্মানির ফ্রাঙ্কফুর্টে অবস্থিত।
- ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক (ইসিবি) হল ইউরো মুদ্রার ব্যাংক, যা ইউরোজোনের আর্থিক নীতি পরিচালনা করে। - ১৯৯৮ সালে ব্যাংকটি প্রতিষ্ঠিত হয়।
- ইউরোপীয় পার্লামেন্টের সদরদপ্তর স্ট্রাসবার্গ, ব্রাসেলস ও লুক্সেমবার্গে অবস্থিত।
- ইইউর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।
- বর্তমানে এর সদস্য দেশ ২৭টি।

28) আন্তর্জাতিক আদালতের একজন বিচারক কয় বছরের জন্য নির্বাচিত হন?

1) তিন বছর
2) সাত বছর
3) চার বছর
✔ 4) নয় বছর

**ব্যাখ্যা :** আন্তর্জাতিক ন্যায়বিচার আদালত (ইংরেজি : International Court of Justice) মূলত আন্তর্জাতিক আদালত নামে পরিচিত। এটির সদর দপ্তর হেগ, নেদারল্যান্ডে। এটির প্রধান কাজ স্বাধীন রাষ্ট্রসমূহের

Hello BCS

মধ্যে আইনি বিরোধ নিষ্পত্তি করা এবং বিশ্বের বিভিন্ন আন্তর্জাতিক সংস্থাকে আইন বিষয়ে পরামর্শ মতামত দেয়া। এটিকে সংক্ষেপে আইসিজে (ICJ )বলা হয়। আন্তর্জাতিক আদালত ৯ বছর মেয়াদি ১৫ জন বিচারক দ্বারা পরিচালিত। [তথ্যসূত্রঃ International Court of Justice ]

29) Elephant Pass' অবস্থিত?

1) থাইল্যান্ড
2) দক্ষিণ আফ্রিকা
✔ 3) শ্রীলঙ্কা
4) মালয়েশিয়া

**ব্যাখ্যা :** 'Elephant Pass' অবস্থিত - শ্রীলঙ্কায়।
শ্রীলঙ্কার বিভিন্ন অংশে ধরা হাতিগুলিকে এই উপহ্রদ পেরিয়ে জাফনা উপদ্বীপে নিয়ে যাওয়া হত, যেটিকে পরে সেতু করা হয়েছিল এবং নাম দেওয়া হয়েছিল এলিফ্যান্ট পাস।

30) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদ কত সময়ের জন্য?

1) ৫ বছর
✔ 2) ২ বছর
3) ১ বছর
4) ৪ বছর

**ব্যাখ্যা :** - জাতিসংঘের স্থায়ী সদস্য ৫টি দেশ। দেশগুলো নিরাপত্তা পরিষদেরও স্থায়ী সদস্য।
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা ১৫টি।
- এর মধ্যে ৫টি স্থায়ী সদস্য এবং ১০টি অস্থায়ী সদস্য।
- স্থায়ী সদস্য ৫টি দেশ হলো : যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন, যুক্তরাজ্য ও ফ্রান্স।
- অস্থায়ী সদস্যরা ২ বছরের জন্য নির্বাচিত হয়।
- নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যদের ভেটো ক্ষমতা রয়েছে। জাতিসংঘের নিরাপত্তা পরিষদে যেকোন প্রস্তাব পাশের জন্যে এই ৫টি দেশের সম্মতির প্রয়োজন হয়।
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসেবে বাংলাদেশ দু'বার নির্বাচিত হয়, প্রথমবার জাপানকে পরাজিত করে ১৯৭৯-১৯৮০ সালে এবং দ্বিতীয়বার ২০০০-২০০১ সালে।

তথ্যসূত্র :- জাতিসংঘ ওয়েবসাইট, বাংলাপিডিয়া।

31) ২০২২ সালে কোন দেশ জাতিসংঘের শান্তিস্থাপন কমিশনের সভাপতি নির্বাচিত হয়?

1) ভারত
2) সুইজারল্যান্ড
✔ 3) বাংলাদেশ
4) যুক্তরাষ্ট্র

Hello BCS

**ব্যাখ্যা :** - ১ ফেব্রুয়ারি ২০২২ জাতিসংঘ শান্তিবিনির্মাণ কমিশনের (পিবিসি) প্রথম নারী সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাবাব ফাতিমা ।
- জাতিসংঘে বাংলাদেশের ২য় নারী স্থায়ী প্রতিনিধি- রাবাব ফাতিমা।

তথ্যসূত্র :- Hello BCS সাম্প্রতিক সমাচার - মার্চ, ২০২২।

32) কোনটি প্রাচীন সভ্যতা?

1) গ্রিস
✔ 2) মেসোপটেমিয়া
3) রোম
4) সিন্ধু

**ব্যাখ্যা :** - বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা মেসোপটেমীয় সভ্যতা গড়ে উঠে ইউফ্রেটিস ও টাইগ্রিস নদীর তীরে।
- মেসোপটেমীয় সভ্যতারই চারটি পর্ব ছিল।
- সেগুলো হলো সুমেরীয় সভ্যতা, ব্যাবিলনীয় সভ্যতা, অ্যাশিরীয় সভ্যতা ও ক্যালডীয় সভ্যতা।
- মিশরীয় সভ্যতা গড়ে উঠে নীল নদের তীরে।
- প্রাচীন রোমের উপর ভিত্তি করে গড়ে উঠেছিল রোমান সভ্যতা।
- ভারতে জন্ম নিয়েছিল সিন্ধু সভ্যতার।
উৎসঃ এনসাইক্লোপিডিয়া অব ব্রিটানিকা।

33) কোন দেশকে ইউরোপের রুটির ঝুড়ি বলা হয়?

1) পোল্যান্ড
2) ইতালি
3) জার্মানি
✔ 4) ইউক্রেন

**ব্যাখ্যা :** - ইউরোপের শস্য ভাণ্ডার খ্যাত ইউক্রেনের উর্বর ভূমিতে গম, সানফ্লাওয়ার এবং অন্যান্য দানাদার জাতীয় শস্য প্রচুর পরিমাণে উৎপন্ন হয়।
- ইউক্রেন বিশ্ববাজারে প্রতিবছর ৪০ থেকে ৫০ মিলিয়ন মেট্রিক টন খাদ্যশস্য রপ্তানি কর থাকে।
- এজন্য **ইউক্রেনকে** ইউরোপের রুটির ঝুড়ি বলা হয়।

- ইউরোপের কৃষিপণ্য চাহিদার উল্লেখযোগ্য অংশ ইউক্রেন থেকে সরবরাহ হওয়ায় ইউক্রেনকে ইউরোপের ব্রেডবাস্কেট বলা হয়।

- ইউক্রেন কৃষ্ণসাগরের উত্তর উপকূলে অবস্থিত।
- আয়তনে ইউক্রেন ইউরোপের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্র। এটির আয়তন ৬০৫,৬২৮ বর্গ কিলোমিটার।
- ইউক্রেনের রাজধানী কিয়েভ নিপার নদীর তীরে অবস্থিত।
- ওডেসা ও মারিয়াপোল কৃষ্ণসাগরের তীরে অবস্থিত ইউক্রেনের দুটো বিখ্যাত সমুদ্রবন্দর।
- ডনবাস ও লুহানস্ক ইউক্রেনের দুটো রুশভাষী সংঘাতপূর্ণ অঞ্চল।

Hello BCS

তথ্যসূত্র :- ওয়ার্ল্ড অ্যাটলাস।

34) কোন দেশটি ভেনিজুয়েলার প্রতিবেশী রাষ্ট্র নয়?

1) ব্রাজিল
✔ 2) বলিভিয়া
3) গায়ানা
4) কলম্বিয়া

**ব্যাখ্যা :** ভেনেজুয়েলার রাজধানী ও বৃহত্তম শহরের নাম কারাকাস।ভেনেজুয়েল ৩০০ বছরেরও বেশি সময় ধরে একটি স্পেনীয় উপনিবেশ ছিল। ১৯ শতকের শুরুতে দক্ষিণ আমেরিকার যেসব স্পেনীয় উপনিবেশ প্রথম স্বাধীনতা ঘোষণা করে, তাদের মধ্যে ভেনেজুয়েলা ছিল অন্যতম। এর প্রতিবেশী রাষ্ট্র গায়ানা,ব্রাজিল,কলম্বিয়া। [তথ্যসূত্রঃ ওয়াল্ড ম্যাপ]

35) বেল্ট অ্যান্ড রোড' কার্যক্রম শুরু হয়

1) ২০০ সালে
2) ২০০১ সাল
✔ 3) ২০১৩ সাল
4) ২০১৬ সাল

**ব্যাখ্যা :** বেল্ট অ্যান্ড রোড' :
- ২০১৩ সালে রাষ্ট্রপতি শি জিনপিং চালু করা হয়েছিল 'বেল্ট অ্যান্ড রোড' কার্যক্রম।
- উন্নয়ন এবং বিনিয়োগ উদ্যোগের বিশাল সংগ্রহ মূলত ভৌত অবকাঠামোর মাধ্যমে পূর্ব এশিয়া এবং ইউরোপকে সংযুক্ত করার জন্য তৈরি করা হয়েছিল এই উদ্যোগ।
- মে ২০১৮ থেকে, বিশ্বব্যাংক গ্রুপ ১৯টি ব্যাকগ্রাউন্ড পেপারের একটি সিরিজ তৈরি করেছে (নীচে উপলব্ধ) এবং একটি সারসংক্ষেপ প্রতিবেদন যা বাণিজ্য, বিনিয়োগ, ঋণ, সংগ্রহ, পরিবেশ, দারিদ্র্য হ্রাস এবং অবকাঠামোর সাথে BRI-এর লিঙ্কগুলির স্বাধীন বিশ্লেষণ প্রদান করে।

তথ্যসূত্র : বিশ্বব্যাংকের ওয়েবসাইট।

36) নোবেল বিজয়ী নারী কয়জন?

1) ৫০ জন
✔ 2) ৫৭ জন
3) ০৩ জন
4) ০৭ জন

Hello BCS

**ব্যাখ্যা :** ১৯০১ সাল থেকে নোবেল পুরস্কার দেওয়া শুরু হলেও ৯৬০ বিজয়ীর তালিকায় নারীর সংখ্যা মাত্র ৫৭। ২০২০ সালে এ তালিকাকে সমৃদ্ধ করেছেন লুইস গ্লিক, ইমানুয়েল শারপেনটিয়ের, জেনিফার এ ডাউডনা ও আন্দ্রিয়া ঘেজ নামে আরও ৪ নারী। রসায়ন, পদার্থবিজ্ঞান ও সাহিত্যে অসাধারণ অবদানের জন্য তাদের এ পুরস্কারপ্রাপ্তি।

37) কোন দেশটি ইউরোপীয় ইউনিয়নের সদস্য নয়?

1) সাইপ্রাস
✔ 2) আলজেরিয়া
3) ইস্টোনিয়া
4) মাল্টা

**ব্যাখ্যা :** • ইউরোপীয় ইউনিয়ন :
- রোম চুক্তির মাধ্যমে ১৯৫৮ সালের ১ জানুয়ারি ইউরোপীয় ইকোনমিক কমিউনিটি তথা বর্তমানের ইউরোপীয়ান ইউনিয়ন গঠিত হয়।
- ইইউর প্রতিষ্ঠাতাকালীন সদস্য দেশ ছিলো ৬টি।
- ইউরোপীয় ইউনিয়নভুক্ত মোট দেশের সংখ্যা ২৭ টি।
- এদের মধ্যে এখন পর্যন্ত ২০ টি দেশ একক মুদ্রা হিসেবে ইউরো মুদ্রা গ্রহণ করেছে।
- সর্বশেষ ইউরো মুদ্রা গ্রহণ করে ক্রোয়েশিয়া (১ জানুয়ারী, ২০২৩)।
- সদর দপ্তর : ব্রাসেলস, বেলজিয়াম।
- সদস্য রাষ্ট্রসমূহ : Austria, Belgium, Bulgaria, Croatia, Republic of Cyprus, Czech Republic, Denmark, Estonia, Finland, France, Germany, Greece, Hungary, Ireland, Italy, Latvia, Lithuania, Luxembourg, Malta, Netherlands, Poland, Portugal, Romania, Slovakia, Slovenia, Spain and Sweden.
- আলজেরিয়া আফ্রিকা মহাদেশের একটি দেশ, এটি ইউরোপীয় ইউনিয়নের সদস্য নয়।

38) বিগত কপ-২৬ কোন শহরে অনুষ্ঠিত হয়?

1) ব্রাসেলস
2) প্যারিস
✔ 3) গ্লাসগো
4) জেনেভা

**ব্যাখ্যা :** - কপ-২৬ অনুষ্ঠিত হয় স্কটল্যান্ডের গ্লাসগোতে, ৩১ অক্টোবর - ১২ নভেম্বর, ২০২১ সালে।
- কপ-২৭ অনুষ্ঠিত হবে মিশরের শারম আল শেখ,২০২২ সালে।
- কপ-২৮ অনুষ্ঠিত হবে সংযুক্ত আরব আমিরাত, ২০২৩সালে।

তথ্যসূত্র :- UNFCCC ওয়েবসাইট।

Hello BCS

39) COP 26-এ COP মানে কী?

1) কনফারেন্স অব দ্য প্রটোকল
2) কনফারেন্স অব দ্য পাওয়ার
✔ 3) কনফারেন্স অব দ্য পার্টিস
4) কনফারেন্স অব প্যারিস

**ব্যাখ্যা :** কপ-এর পূর্ণরুপ হলো কনফারেন্স অব দ্য পার্টিজ। কপ-২৬ হচ্ছে ইউএন ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জ (ইউএনএফসিসিসি) বা জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জাতিসংঘের সদস্য দেশগুলোর ২৬তম সম্মেলন। ইউএনএফসিসিসির কনভেনশনে সই করা ১৯৭টি সদস্য দেশ স্কটল্যান্ডের গ্লাসগো শহরে অনুষ্ঠিত বার্ষিক এই সম্মলনে একসাথে যোগ দিয়ে বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় একে অপরের সাথে কীভাবে সমন্বিতভাবে কাজ করবে তা নিয়ে আলোচনা করে। [তথ্যসূত্রঃ https://tinyurl.com/28uktuj5]

40) বান্দা আচেহ কোথায় অবস্থিত?

✔ 1) ইন্দোনেশিয়া
2) থাইল্যান্ড
3) ফিলিপাইন
4) কম্বোডিয়া

**ব্যাখ্যা :** বান্দা আচেহ :
- ইন্দোনেশিয়ার সুমাত্রা দ্বীপে আচেহ প্রদেশের রাজধানী বান্দা আচেহ।
- শহরটিতে অন্তত ২ লাখ ৭০ হাজার মানুষের বসবাস।
- মুসলিম অধ্যুষিত দেশটিতে আচেহই একমাত্র এলাকা যেখানে ইসলামি শরিয়াহ অনুসরণ করা হয়।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS